অন্তত এক ধরনের ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে এমন ৫০ বছর বা তদুর্ধ্ব বয়সী নারীদের শতকরা হার	২৪.৬৭	২৪.৩১	২৬.৩৫
অন্তত এক ধরনের ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে এমন ৫০ বছর বা তদুর্ধ্ব বয়সী পুরুষদের শতকরা হার	২০.৭৪	২১.১৪	১৯.২১

সূচক	মোট	পুরুষ	নারী
নিম্নোক্ত বিভিন্ন ক্ষেত্রে ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে এমন ২-৪ বছর বয়সী শিশুর শতকরা হার			
দৃষ্টিশক্তিতে/দেখতে সমস্যা	০.৩৭	০.৩২	০.৪২
শুনতে সমস্যা	০.৩৮	০.৫৩	০.২৩
হাঁটতে সমস্যা	০.৮২	০.৯৫	০.৭০
ফাইন মোটরে (হাত ও পায়ের সুক্ষ পেশি ব্যবহারে) সমস্যা	০.৫৭	০.৫৭	০.৫৬
অন্যের সাথে যোগাযোগ বা কথা বোঝাতে সমস্যা	১.১৩	১.৩৯	০.৮৭
শিক্ষণে সমস্যা	০.৯৯	১.১৬	০.৮২
খেলাধুলা করতে সমস্যা	০.৭৮	০.৯৬	০.৬০
আচরণ নিয়ন্ত্রণে সমস্যা	০.২০	০.৩২	০.০৮

সূচক	মোট	পুরুষ	নারী
নিম্নোক্ত বিভিন্ন ক্ষেত্রে ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে এমন ৫-১৭ বছর বয়সী শিশুর শতকরা হার			
দৃষ্টিশক্তিতে সমস্যা/দেখতে সমস্যা	০.৬৪	০.৬৯	০.৫৮
শ্রবণে সমস্যা	০.৪২	০.৪৭	০.৩৭
হাঁটতে সমস্যা	১.১৩	১.৩২	০.৯৩
নিজের যত্ন নিতে সমস্যা/নিজের যত্ন নিজে নিতে পারে না	১.১৬	১.২৯	১.০৩
অন্যের সাথে যোগাযোগ বা কথা বোঝাতে সমস্যা	১.২৪	১.৪৭	০.৯৯
শিক্ষণে সমস্যা	১.৬০	১.৭৯	১.৩৯
স্মরণ রাখতে সমস্যা	১.৬৬	১.৮৫	১.৪৬
কোনো কিছুতে মনোযোগ নিবদ্ধ করতে সমস্যা	০.৮৫	০.৯৩	০.৭৭
পরিবর্তন গ্রহণ করে নিতে সমস্যা	০.৯৭	১.০৪	০.৯০
আচরণ নিয়ন্ত্রণে সমস্যা	১.৫১	১.৮২	১.১৯

সূচক	মোট	পুরুষ	নারী
নিম্নোক্ত বিভিন্ন ক্ষেত্রে ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে এমন ৫-১৭ বছর বয়সী শিশুর শতকরা হার			
কাউকে বন্ধু বা আপন করতে সমস্যা	১.০০	১.১৪	০.৮৬
দুশ্চিন্তা বা উদ্বেগ	০.৩৬	০.৪০	০.৩২
বিষমতা	০.৩৬	০.৪৫	০.২৭

সূচক	মোট	পুরুষ	নারী
বিভিন্ন সহায়ক যন্ত্র বা ডিভাইস ব্যবহারকারী এবং ব্যবহার সত্ত্বেও ফাংশনাল ডিফিকাল্টি হয় এমন ২-১৭ বছর বয়সী শিশুর শতকরা হার			
চশমা ব্যবহারকারী	১.৪৩	১.০৭	১.৮১
সহায়ক শ্রবণযন্ত্র ব্যবহারকারী	০.২১	০.১৮	০.২৩
হাঁটার জন্য সহায়ক যন্ত্র ব্যবহারকারী বা অন্যের সাহায্য গ্রহণকারী	০.৪১	০.৫০	০.৩৩
চশমা ব্যবহার করার পরও দেখতে সমস্যা হয়	৬.২৭	৬.৪২	৬.১৮
সহায়ক শ্রবণযন্ত্র ব্যবহার সত্ত্বেও শুনতে সমস্যা হয়	৭.১৯	২.৮৭	১০.৮৪
হাঁটার সহায়ক যন্ত্র ব্যবহার বা অন্যের সহায়তা নেওয়া সত্ত্বেও হাঁটতে সমস্যা হয়	২৮.১৬	২৮.০৭	২৮.২৯

Key Findings

National Survey on Persons with Disabilities (NSPD) 2021

Indicators	Total	Rural	Urban
Household sample coverage and responses			
Sampled households	36,000	28,261	7,739
Occupied households	35,493	27,887	7,606
Interviewed households	35,462	27,869	7,593
Household completion rate	98.50	98.60	98.10
Household response rate	99.90	99.90	99.80
Ownership of dwelling households			
Own	84.37	93.59	52.86
Rented	13.49	4.24	45.14
Without rent	2.04	2.07	1.97
Others	0.09	0.11	0.04
Number of persons in sleeping room			
Mean number of persons per room used for sleeping	2.21	2.19	2.28
Household members with:			
Internet access in the household	57.42	53.83	69.71
Household access to electricity	98.77	98.53	99.57
Household with a television	51.18	44.99	72.36
Household with a mobile phone	97.47	97.22	98.33
Households where members use the following facilities			
Improved sources of drinking water	99.26	99.08	99.80
Improved sanitation facility	92.77	92.32	94.41

Indicators	Both	Male	Female
Persons with at least one disability (based on types defined in the Persons with Disability Rights and Protection Act, 2013 of Bangladesh)			
Total	2.80	3.28	2.32
Area			
Rural	2.89	3.44	2.35
Urban	2.45	2.69	2.20
Disability by category			
Autism or autism spectrum disorder	0.05	0.06	0.04
Physical disability	1.35	1.66	1.03
Mental illness leading to disability	0.29	0.33	0.24
Visual disability	0.46	0.49	0.43
Speech disability	0.32	0.37	0.27
Intellectual disability	0.22	0.24	0.19
Hearing disability	0.36	0.37	0.34
Cerebral palsy	0.08	0.08	0.07
Down syndrome	0.04	0.04	0.04
Deaf-blindness	0.02	0.03	0.02
Multiple disability	0.35	0.39	0.31
Other disability	0.05	0.07	0.03
Main reasons for disability			
Congenital or by born	41.09	40.74	41.60
Illness or disease	36.35	32.79	41.38
Falling from tree or rooftop	12.27	13.69	10.27
Road accident	5.53	8.20	1.77

Indicators	Both	Male	Female
Persons with disabilities aged 5-24 years who attended formal education in 2021 academic year			
Attended formal education	32.60	30.92	35.15
Out of persons with disabilities aged 5-24 years who attended formal education in 2021:			
Studied in primary (1-5)	53.02	53.15	52.84
Studied in secondary (6-12)	37.47	38.09	36.65
Studied in above secondary education (above 12)	9.51	8.76	10.52

Indicators	Primary	Secondary	Above
Level of education of persons with disabilities aged 5-24 years by age group who attended educational institutions in 2021			
Primary school age (5-11 years)	100.0	0.00	0.00
Secondary school age (12-17 years)	34.71	65.29	0.00
Higher education age (18-24 years)	0.00	49.26	50.74

Indicators	Both	Male	Female
Students with disability's remaining behind of general students in education (in average year)			
Average number of years	2.38	2.36	2.41

Indicators	Both	Male	Female
Persons with disabilities aged 15-64 years by employment status, receipt of healthcare, having special toilet facility, involvement in organizations and having registration and certificates			
Employed	33.78	47.59	12.80
Not in employment	66.22	52.41	87.20
Persons with disabilities who received healthcare in three months before the survey	61.98	61.33	62.91
Persons with disabilities who have special type of sanitation facilities at home as per their need	9.75	8.45	11.59
Persons with disabilities's involvement in any kind of disability related organization	0.97	1.13	0.74
Persons with disabilities with registration with civil authorities	35.60	37.61	32.76
Persons with disabilities who received disability allowances any time			
Received disability allowances any time (among those who have registration)	91.43	90.24	93.37
Received disability allowances any time (irrespective of having registration or not having)	33.87	35.47	31.61
Received any allowance any time (irrespective of having registration or not having)	47.42	46.74	48.38

Indicators	Total	Rural	Urban
Facing discrimination, abuses and victimization any time during 12 months preceding the survey			
Faced discriminative behaviour, abuses and victimization	43.70	44.02	42.33
Main ground on which faced discrimination, abuses and victimization			
Discriminative behaviour, abuses and victimization due to disability	98.58	98.41	99.33
Main accused by whom faced discrimination, abuses and victimization			
Discriminative behaviour and abuses by neighbour	90.58	91.27	87.55
Main remedial measures taken against discrimination, abuses and victimization			
Informed neighbour to stop such behaviour	51.66	53.52	45.20
Informed UP chairmen/members	19.04	22.64	6.49
Informed local influential/religious leaders	27.57	29.37	21.31
Who, as a remedial measure, informed someone, received remedial support	58.24	52.26	79.07

Indicators	Total	Rural	Urban
Falling victim of ridicule and mockery any time during 12 months preceding the survey			
Fell victim of ridicule and mockery	56.41	56.86	54.52
Main accused by whom fell victim of ridicule and mockery			
Fell victim of ridicule and mockery by neighbour	90.56	91.35	87.10

Indicators	Total	Rural	Urban
Persons with disabilities received healthcare from:			
Government hospitals (MCH, DHs and UHCs)	22.48	18.84	39.41
MCWCs/FWCs/RDs/CCs	4.03	4.69	0.99
Private hospitals	15.05	14.03	19.77
Private MBBS doctor	13.32	14.12	9.60
Village practitioner	23.84	27.39	7.34
Allopathic drug store	16.68	16.04	19.63
NGO operated facilities	0.30	0.33	0.14

Indicators	Both	Male	Female
Persons who have at least one functional difficulty			
Total	7.07	7.22	6.91
Rural	7.22	7.47	6.97
Urban	6.53	6.35	6.71
Children aged 2-4 years	1.89	2.30	1.46
Children aged 5-17 years	4.02	4.64	3.35
Adults aged 18-49 years	3.95	4.27	3.66
Adults aged 50 years or above	22.60	20.74	24.67

Indicators	Total	Rural	Urban
Adult functional difficulties by area			
Women aged 18-49 years having functional difficulties in at least one domain	3.66	3.69	3.56
Men aged 18-49 years having functional difficulties in at least one domain	4.27	4.44	3.74
Women aged 50 years or above having functional difficulties in at least one domain	24.67	24.31	26.35
Men aged 50 years or above having functional difficulties in at least one domain	20.74	21.14	19.21

Indicators	Both	Male	Female
Children (2-4 years) with functional difficulties in different domains listed below			
Difficulty in seeing	0.37	0.32	0.42
Difficulty in hearing	0.38	0.53	0.23
Difficulty in walking	0.82	0.95	0.70
Difficulty in fine motor	0.57	0.57	0.56
Difficulty in communication	1.13	1.39	0.87
Difficulty in learning	0.99	1.16	0.82
Difficulty in playing	0.78	0.96	0.60
Difficulty in controlling behavior	0.20	0.32	0.08

Indicators	Both	Male	Female
Children (5-17 years) with functional difficulties in different domains listed below			
Difficulty in seeing	0.64	0.69	0.58
Difficulty in hearing	0.42	0.47	0.37
Difficulty in walking	1.13	1.32	0.93
Difficulty in self-care	1.16	1.29	1.03
Difficulty in communication	1.24	1.47	0.99
Difficulty in learning	1.60	1.79	1.39

Indicators	Both	Male	Female
Children (5-17 years) with functional difficulties in different domains listed below			
Difficulty in remembering	1.66	1.85	1.46
Difficulty in concentration	0.85	0.93	0.77
Difficulty in accepting changes	0.97	1.04	0.90
Difficulty in controlling behavior	1.51	1.82	1.19
Difficulty in making friends	1.00	1.14	0.86
Anxiety	0.36	0.40	0.32
Depression	0.36	0.45	0.27

Indicators	Both	Male	Female
Children (2-17 years) use assistive devices and those face functional difficulties even after using devices			
Wear glasses	1.43	1.07	1.81
Use hearing aid	0.21	0.18	0.23
Use equipment or receive assistance for walking	0.41	0.50	0.33
Difficulty seeing even after wearing glasses	6.27	6.42	6.18
Difficulty hearing even after wearing hearing aid	7.19	2.87	10.84
Difficulty walking even after using equipment or receiving assistance	28.16	28.07	28.29

নির্বাহী সারসংক্ষেপ

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি) ২০২১-এ প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে নির্বাহী সারসংক্ষেপটি প্রস্তুত করা হয়েছে। একটি প্রমিত প্রশ্নপত্র, নমুনা নকশা এবং তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা পদ্ধতি ব্যবহার করে জরিপটি সম্পন্ন করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়নের জন্য ও উন্নয়নের মূল ধারার সাথে তাদের কর্মসংস্থানের সংযোগ এবং জীবনের সকল ক্ষেত্রে তাদের সমান অধিকার নিশ্চিত করতে প্রয়োজনীয় পরিসংখ্যানের তথ্য-উপাত্ত সংগ্রহ করাই এ জরিপের প্রধান উদ্দেশ্য। নভেম্বর ও ডিসেম্বর ২০২১ সালে জরিপটির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়। নিম্নে জরিপে প্রাপ্ত ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো।

জরিপে প্রাপ্ত ফলাফল

জরিপে ৩৬,০০০ নমুনা খানার মধ্যে ৩৫,৪৬২টি খানার সাক্ষাৎকার নেওয়া হয়েছে, যেখানে সাক্ষাৎকার পূর্ণ করার হার ৯৮.৫০ শতাংশ এবং প্রদানের হার ৯৯.৯০ শতাংশ।

খানার বৈশিষ্ট্য

প্রায় প্রতিটি খানায় (৯৮.৭৭ শতাংশ) বিদ্যুতের সংযোগ রয়েছে। প্রায় প্রতি দুটি'র একটি খানায় (৫৭.৪২ শতাংশ) ইন্টারনেট সংযোগ রয়েছে; এটি শহর এলাকায় ৬৯.৭১ শতাংশ ও পল্লি এলাকায় ৫৩.৮৩ শতাংশ। প্রায় প্রতিটি খানা (৯৯.২৫ শতাংশ) উন্নত উৎস থেকে পানি ব্যবহার করে এবং উন্নত পয়ঃব্যবস্থা (৯২.৭৮ শতাংশ) ব্যবহার করে। তথ্য ও যোগাযোগ মাধ্যম হিসেবে প্রায় প্রতিটি খানায় মোবাইল ফোন রয়েছে (৯৭.৪৭ শতাংশ)। দ্বিতীয় অবস্থানে রয়েছে টেলিভিশন (৫১.১৮ শতাংশ)।

প্রতিবন্ধিতা ও তার ধরন

বাংলাদেশের প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩-এ নির্ধারিত শ্রেণিবিভাগ অনুসারে সামগ্রিকভাবে জনসংখ্যার ২.৮০ শতাংশ প্রতিবন্ধী; যা পুরুষদের ক্ষেত্রে ৩.২৮ শতাংশ এবং নারীদের ক্ষেত্রে ২.৩২ শতাংশ এবং পল্লি এলাকায় ২.৮৯ শতাংশ ও শহরাঞ্চলে ২.৪৫ শতাংশ। ০-৪ বছর বয়সী শিশুদের মধ্যে প্রতিবন্ধিতা ০.৮৩ শতাংশ; অন্যদিকে ১৮-৪৯ বছর বয়সীদের মধ্যে তা ২.২৪ শতাংশ এবং ৬৫ বছর বা তার বেশি বয়সীদের মধ্যে ৯.৮৩ শতাংশ।

Executive Summary

This executive summary has been prepared considering the findings of the National Survey on Persons with Disabilities (NSPD) 2021. The survey was designed using a standardized questionnaire, sample design, data collection and management procedures. The main objective of the survey was to collect necessary statistics for the development of persons with disabilities, employment connection with the mainstream of development and to provide them equal rights in all spheres of life. The survey was conducted during November and December 2021. A brief description of the survey result has been discussed below.

Survey Findings

Among 36,000 sampled households, 35,462 households were interviewed with the household completion rate of 98.50 percent and household response rate of 99.90 percent.

Housing Characteristics

Almost every household has access to electricity (98.77 percent). Every alternate household has internet access (57.42 percent); it is 69.71 percent in urban areas and 53.83 percent in rural areas. Nearly all households (99.25 percent) use drinking water from improved sources and use improved sanitation facilities (92.78 percent). Again, almost every household has cell phones as the most common information-communication device (97.47 percent). Television is in the second position (51.18 percent).

Disability by Category

According to 'Persons with disabilities Rights and Protection Act 2013' of Bangladesh, among the population overall 2.80 percent have disabilities; which is 3.28 percent for males and 2.32 percent for females and 2.89 percent in rural areas and 2.45 percent in urban areas. It is 0.83 percent among children aged 0-4 years, while 2.24 percent among adults aged 18-49 years and 9.83 percent among population aged 65 years and above. Khulna division has the

খুলনা বিভাগে প্রতিবন্ধিতার হার সর্বোচ্চ (৩.৬২ শতাংশ) এবং সিলেট বিভাগে সর্বনিম্ন (২.১৫ শতাংশ)। প্রতিবন্ধিতার ধরন অনুসারে শারীরিক প্রতিবন্ধিতা ১.৩৫ শতাংশ, দৃষ্টি প্রতিবন্ধিতা ০.৪৬ শতাংশ, শ্রবণ প্রতিবন্ধিতা ০.৩৬ শতাংশ, বহুমাত্রিক প্রতিবন্ধিতা ০.৩৫ শতাংশ, বাক প্রতিবন্ধিতা ০.৩২ শতাংশ, মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা ০.২৯ শতাংশ, বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধিতা বা বৈকল্য ০.২২ শতাংশ, সেরিব্রাল পালসি ০.০৮ শতাংশ, অটিজম ০.০৫ শতাংশ এবং অন্যান্য প্রতিবন্ধিতা ০.০৫ শতাংশ।

প্রতিবন্ধিতার নানা কারণের মধ্যে প্রধান কারণগুলো হচ্ছে: জন্মগত সমস্যা (৪১.০৯ শতাংশ), বিভিন্ন রোগ (৩৬.৩৫ শতাংশ), গাছ বা ছাদ থেকে পড়ে যাওয়া (১২.২৭ শতাংশ) এবং সড়ক দুর্ঘটনা (৫.৫৩ শতাংশ)।

অটিজমে আক্রান্ত ব্যক্তিদের প্রধান সমস্যা হলো সামাজিক এবং আন্তঃব্যক্তিক আচরণে সমস্যা (৯৩.৬৮ শতাংশ)। এ ছাড়া তাদের একই কাজ বারবার করা (৮৮.৪০ শতাংশ), মৌখিক বা অ-মৌখিক যোগাযোগে সীমাবদ্ধতা (৮৭.১৮ শতাংশ) এবং বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধিতা (৮৬.৪২ শতাংশ) রয়েছে।

শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের দৈনন্দিন কাজকর্ম ৬৩.১১ শতাংশের আংশিকভাবে এবং ৩১.৮৪ শতাংশের সম্পূর্ণভাবে বাধাগ্রস্ত হয়। শারীরিক প্রতিবন্ধীদের মধ্যে ২০.৩৭ শতাংশের স্থায়ী শারীরিক ভারসাম্যহীনতা রয়েছে। অন্যদিকে তাদের যথাক্রমে ২২.১১ ও ১৮.৭৬ শতাংশের একটি পা বা হাত আংশিকভাবে অবশ।

উত্তরদাতাদের কাছে প্রাপ্ত মেডিকেল ডায়াগনোসিস অনুসারে মানসিক প্রতিবন্ধীদের মধ্যে ক্লিনিকাল বিষণ্ণতা অন্যান্য মানসিক সমস্যার চেয়ে বেশি দেখা যায় (২৪.০৪ শতাংশ)। এ ছাড়া মানসিক প্রতিবন্ধীদের মধ্যে পারসনালিটি ডিজঅর্ডার দ্বিতীয় সর্বোচ্চ গুরুত্বপূর্ণ মানসিক প্রতিবন্ধিতা (১৯.৯৫ শতাংশ) এবং তারপরের অবস্থানে রয়েছে ফোবিয়া সংশ্লিষ্ট প্রতিবন্ধিতা (১২.২২ শতাংশ)।

দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের ৬৬.৪৮ শতাংশ এক চোখে এবং ১৬.০৯ শতাংশ উভয় চোখেই দেখতে পান না। অন্যদিকে দৃষ্টি প্রতিবন্ধীদের ১৮.১৬ শতাংশ উভয় চোখে আংশিক বা

highest rate (3.62 percent) and Sylhet division has the lowest rate (2.15 percent) of disability. By type of disability, physical disability is 1.35 percent, visual disability is 0.46 percent, hearing disability is 0.36 percent, multiple disability is 0.35 percent, speech disability is 0.32 percent, mental illness leading to disability is 0.29 percent, intellectual disability is 0.22 percent, cerebral palsy is 0.08 percent. autism is 0.05 percent and other disability is 0.05 percent.

Reasons behind being a person with disabilities are multiple, as reported. Compared to other reasons, more frequently cited reasons are the congenital or by born (41.09 percent), disease (36.35 percent), falling from tree or rooftop (12.27 percent) and road accident (5.53 percent).

Persons with autism have major limitations in social and interpersonal behaviour (93.68 percent), frequent repetition of same things (88.40 percent), limitations in verbal or non-verbal communication (87.18 percent) and intellectual disability (86.42 percent).

Persons with physical disability get their daily activities hindered either partially (63.11 percent) or entirely (31.84 percent). They have permanent physical imbalance (20.37 percent), one leg or hand is partially numb (22.11 and 18.76 percent respectively).

The clinical depression is more common type of mental illness (24.04 percent) than others as per the medical record available to the respondents with mental illness. The personality disorder is the second most important (19.95 percent) and phobia (12.22 percent) is other important mental illness.¹

Majority of the persons with visual disability cannot see at-all in one eye (66.48 percent) and 16.09 percent in both eyes, while 18.16 percent can see partial or less in both eyes, and, even after

¹ Notably, 58.50 percent of the persons with apparent mental illness have no medical record of diagnosis and could not be identified with conviction. উল্লেখ্য, ৫৮.৫০ শতাংশ বাহ্যিক মানসিক রোগীর রোগ নির্ণয়ের কোনো মেডিকেল রেকর্ড না থাকায় তাদেরকে নিশ্চিতভাবে মানসিক প্রতিবন্ধী বলে চিহ্নিত করা যায়নি।

কম দেখতে পারেন এবং ২৯.০১ শতাংশ চশমা বা লেন্স পরেও আংশিক দেখতে পারেন এবং ১৪.৩৫ শতাংশ একেবারেই দেখতে অক্ষম।

বাক প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ৩৪.২৫ শতাংশের স্পষ্ট উচ্চারণসহ সঠিক আওয়াজে প্রয়োজনীয় শব্দ সাজিয়ে কথা বলতে সমস্যা হয়, ৩৫.২৫ শতাংশের সংশ্লিষ্ট অঙ্গগুলোর ক্ষতি বা সীমাবদ্ধতার কারণে শব্দ সাজাতে এবং উচ্চারণে সমস্যা হয় এবং কণ্ঠ বা স্বর-প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হওয়ায় বা তাতে সমস্যা থাকায় স্বাধীনভাবে কথা বলতে ২৯.৩০ শতাংশের সীমাবদ্ধতা রয়েছে। তবে তাদের ৫৮.৩২ শতাংশ মোটেই কথা বলতে পারেন না।

নব্বই শতাংশেরও বেশি বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তির বুদ্ধিবৃত্তিক নানা সমস্যা রয়েছে: তাদের আইকিউ স্বাভাবিকের চেয়ে কম (৯৮.৩৮ শতাংশ), বুদ্ধিবৃত্তিক কার্যকলাপে সীমাবদ্ধতা রয়েছে (৯৭.৬৮ শতাংশ), দৈনন্দিন কাজের দক্ষতায় সীমাবদ্ধতা রয়েছে (৯৩.৯১ শতাংশ) এবং বয়স-উপযোগী ক্রিয়াকলাপ করার ক্ষেত্রে সীমাবদ্ধতা রয়েছে (৯২.৮৭ শতাংশ)।

শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ৪২.০২ শতাংশ উভয় কানে আংশিক বা কম শোনে বা কখনো কখনো একেবারেই শুনতে পান না। অন্যদিকে শ্রবণ প্রতিবন্ধীদের ২০.৪৩ শতাংশ এক কানে এবং ৩৭.৩৬ শতাংশ উভয় কানে একেবারে শুনতে পান না।

নব্বই শতাংশের মত সেরি়াল পালসি আক্রান্ত ব্যক্তির বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতা রয়েছে। যেমন: যোগাযোগে সীমাবদ্ধতা (৯৬.৩৪ শতাংশ), নড়াচড়ায় ভারসাম্যের অভাব (৯৬.৬৪ শতাংশ), পেশী খুব শক্ত বা খুব শিথিল (৮৯.৩২ শতাংশ), হাত বা পায়ের স্বাভাবিক নড়াচড়ায় সীমাবদ্ধতা (৯০.৯৭ শতাংশ), আচরণগত সীমাবদ্ধতা (৮৯.০৬ শতাংশ) এবং আংশিক বা পুরো হাত/পা আংশিক বা সম্পূর্ণভাবে নিষ্ক্রিয় থাকা (৮৫.৪৯ শতাংশ) ইত্যাদি।

wearing glasses/lenses 29.01 percent can see partial and 14.35 percent cannot see at all.

Of the persons with speech disability, 34.25 percent have limitations in speaking by arranging required words in a proper voice with a clear pronunciation, 35.25 percent have problems in arranging and pronouncing words due to damage or limitations in the concerned organs, 29.30 percent have limitations in speaking freely due to problems or damage in the vocal process, but 58.32 percent cannot speak at all.

Over 90 percent of the persons with intellectual disability have lower IQ than normal (98.38 percent), limitations in intellectual activities (97.68 percent), limitations in daily work efficiency (93.91 percent) and limitations in doing age-appropriate activities (92.87 percent).

Among persons with hearing disability, 42.02 percent can hear in both ears partially or less or sometimes cannot hear, while 20.43 percent cannot hear in one ear at all and 37.36 percent in both ears at all.

Around 90 percent of the persons with cerebral palsy have limitations in the communication (96.34 percent), lack a balance in the movement (96.64 percent), have muscles too stiff or too loose (89.32 percent), have limitations in the normal movement of hands or feet (90.97 percent), have behavioral limitations (89.06 percent) and experienced ‘hands/legs partially or fully to become inactive completely or partially’ (85.49 percent).

শিক্ষাগত যোগ্যতা

তিন বছর বা তার বেশি বয়সের প্রতিবন্ধী ব্যক্তিদের ৫৪.৭৪ শতাংশের কোনো আনুষ্ঠানিক শিক্ষা নেই। অন্যদিকে তাদের ২৩.১১ শতাংশের প্রাথমিক (১ম-৫ম), ১৮.৩৩ শতাংশের মাধ্যমিক (৬ষ্ঠ-১২শ) এবং ১.৫৭ শতাংশের উচ্চ শিক্ষা

Educational Attainment

Among the persons with disabilities aged 3 years or above 54.74 percent have no formal education², while 23.11 percent have primary (I-V), 18.33 percent secondary (VI-XII) and

² The formal education here excluded early childhood education, non-formal education and religious education

রয়েছে। ২০২১ শিক্ষাবর্ষে আনুষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে দেখা যায়, সে বছর ৫-২৪ বছর বয়সী (অর্থাৎ শিক্ষা গ্রহণে উপযোগী) প্রতিবন্ধী ছেলেমেয়েদের ৩২.৫৮ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠানে গিয়েছে। যারা শিক্ষা প্রতিষ্ঠানে গিয়েছে তাদের মধ্যে ৫৩.০২ শতাংশ প্রাথমিক, ৩৭.৪৭ শতাংশ মাধ্যমিক এবং ৯.৫১ শতাংশ উচ্চশিক্ষায় অংশগ্রহণ করেছে।

জরিপে দেখা যায়, প্রতিবন্ধী শিক্ষার্থীরা প্রতিবন্ধিতার কারণে সাধারণ শিক্ষার্থীদের তুলনায় দেরিতে লেখাপড়া শুরু করে। ২০২১ সনে ১২-১৭ বছর বয়সী (মাধ্যমিক স্কুল উপযোগী) প্রতিবন্ধী শিশুদের ৩৪.৭১ শতাংশ প্রাথমিক স্তরে এবং ১৮-২৪ বছর বয়সী (উচ্চ শিক্ষার উপযোগী) প্রতিবন্ধীদের ৪৯.২৬ শতাংশ মাধ্যমিক স্তরে পড়াশোনা করেছে। যারা ২০২১ সালে আনুষ্ঠানিক শিক্ষায় অংশ নিয়েছে, তারা সাধারণ শিক্ষার্থীদের চেয়ে গড়ে ২.৩৮ বছর পিছিয়ে আছে।

৫-২৪ বছর বয়সী প্রতিবন্ধী শিশু, কিশোর ও তরুণরা, যারা কখনো স্কুলে যায়নি বা পূর্বে পড়াশোনা করলেও ২০২১ সালে শিক্ষাগ্রহণ বন্ধ করে দিয়েছে, তাদের স্কুলে না যাওয়ার বা পড়াশোনা বন্ধ করার প্রধান কারণগুলো হচ্ছে: এলাকায় প্রতিবন্ধীদের জন্য বিশেষায়িত স্কুলের অভাব (৪৭.৭৩ শতাংশ), খানার অনীহা (২৮.০৭ শতাংশ), আর্থিক সীমাবদ্ধতা বা দারিদ্র্য (২৬.৮০ শতাংশ) এবং স্কুলে অবকাঠামোগত প্রবেশগম্যতার অভাব (১৩.৩১ শতাংশ)।

1.57 percent have higher education. Regarding attendance to formal education in the 2021 academic year, 32.58 percent of persons with disabilities aged 5-24 years (i.e., student age) attended. Among those who attended, 53.02 percent attended primary, 37.47 percent secondary and 9.51 percent higher education.

Persons with disabilities begin to attend school lately due to disability. Data show that in 2021, 34.71 percent of children with disability aged 12-17 years (i.e., secondary school age) studied in the primary level and 49.26 percent of students aged 18-24 years (higher education age) studied in the secondary level. Those, who attended formal education in 2021, were behind the general students by 2.38 years on an average.

The persons with disabilities aged 5-24 years, who have never attended school or discontinued study in 2021, listed main reasons for discontinuation³ or never attendance: lack of specialized school for persons with disabilities in the area (47.73 percent), family's reluctance (28.07 percent), financial constraint or poverty (26.80 percent) and lack of infrastructural accessibility to school (13.31 percent).

কর্মসংস্থান

১৫-৬৪ বছর বয়সী (কর্ম উপযোগী) প্রতিবন্ধী ব্যক্তিদের এক তৃতীয়াংশ (৩৩.৭৮ শতাংশ) কর্মরত; এ হার পুরুষের ক্ষেত্রে ৪৭.৫৯ শতাংশ এবং নারীদের ক্ষেত্রে ১২.৮০ শতাংশ, এবং পল্লি এলাকায় ৩৫.৫৫ শতাংশ ও শহরে ২৫.৯৫ শতাংশ। ৫-১৭ বছর বয়সী প্রতিবন্ধী শিশুদের মাত্র ৪.৮০ শতাংশ কাজে নিয়োজিত; এ হার ছেলেদের মধ্যে ৬.৭১ শতাংশ ও মেয়েদের মধ্যে ২.০৪ শতাংশ। প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে (১৫-৬৪ বছর) যারা কর্মে নিয়োজিত, তারা প্রধানত স্ব-নিয়োজিত (৫৪.৪২ শতাংশ)। এ ছাড়া অনেকে 'খানার বা পারিবারিক ব্যবসায় নিয়োগকারী' হিসেবে (১৮.১৪ শতাংশ) এবং 'প্রাইভেট প্রতিষ্ঠান' (১৬.৩৭ শতাংশ)-এ কাজ করেন। মাত্র ২.৬৬ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি প্রশিক্ষণ পেয়েছেন। তারা মূলত কম্পিউটার দক্ষতা (৩৫.৬১ শতাংশ), তৈরি পোশাক

Employment Status

One third (33.78 percent) of the persons with disabilities aged 15-64 year (i.e., working age) are employed; 47.59 percent are males and 12.80 percent females, 35.55 percent in the rural area and 25.95 percent in the urban area. Only 4.80 percent of children with disability aged 5-17 years are employed; 6.71 percent among males and 2.04 percent among females. The majority of the persons with disabilities (15-64 years), who are in employment, are mainly self-employed (54.42 percent), followed by 'household or family business' (18.14 percent), and 'private organizations' (16.37 percent). Only 2.66 percent of the persons with disabilities received some training, mainly on computer skills (35.61 percent), work in the

³ The denominator here excluded those who have completed education and left educational institutions যারা পড়াশোনা শেষ করে শিক্ষা প্রতিষ্ঠান ত্যাগ করেছেন তাদেরকে হিসাব থেকে বাদ দেওয়া হয়েছে।

খাত (১৫.২৪ শতাংশ) এবং ‘হস্তশিল্প বা কুটির শিল্পকর্মের’ (১২.৩৬ শতাংশ) প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

readymade garments sector (15.24 percent) and ‘handicraft or cottage work’ (12.36 percent).

প্রবেশগম্যতা

জরিপের সময়সীমার পূর্বের তিন মাসে ৬১.৯৮ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি স্বাস্থ্যসেবা পেয়েছেন। আবার, প্রতিবন্ধীদের ৯২.৩৩ শতাংশ জরিপের পূর্বের বারো মাসে কোনো না কোনো সময় স্বাস্থ্যসেবা পেয়েছেন। যারা জরিপের পূর্বের তিন মাসে সহজে স্বাস্থ্যসেবা পাননি তাদের মতে চিকিৎসার উচ্চ ব্যয় (৮১.০০ শতাংশ) এবং পারিবারিক সহায়তার অভাব (৩০.৭৭ শতাংশ) এ দুটিই স্বাস্থ্যসেবা না পাওয়ার প্রধান কারণ। যারা বারো মাসে স্বাস্থ্যসেবা পেয়েছেন, তাদের প্রায় এক-চতুর্থাংশ সরকারি হাসপাতাল (মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স) থেকে উক্ত সেবা পেয়েছেন (প্রতিবন্ধী ব্যক্তি: ২২.৪৮ শতাংশ এবং সাধারণ মানুষ: ১৭.৫৬ শতাংশ)। অন্যান্য সরকারি স্বাস্থ্যকেন্দ্র (যেমন: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, রুরাল ডিসপেন্সারি বা কমিউনিটি ক্লিনিক) থেকে স্বাস্থ্যসেবা গ্রহণের হার খুব কম (যথাক্রমে ৪.০৩ এবং ৫.০৪ শতাংশ)। তবে পল্লি চিকিৎসক (যথাক্রমে ২৩.৮৪ এবং ২৪.০৪ শতাংশ), এলোপ্যাথিক ওষুধের দোকান (যথাক্রমে ১৬.৬৮ এবং ২৬.৯৮ শতাংশ) এবং বেসরকারি হাসপাতাল (যথাক্রমে ১৫.০৫ এবং ১১.৯৩ শতাংশ) এবং এমবিবিএস ডাক্তার (যথাক্রমে ১৩.৩২ এবং ১০.৬৫ শতাংশ) স্বাস্থ্যসেবার উল্লেখযোগ্য বেসরকারি উৎস।

জরিপের পূর্বের ছয় মাসে প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ২৩.৫০ শতাংশ সামাজিক কর্মকাণ্ডে এবং ২৮.২২ শতাংশ ধর্মীয় কর্মকাণ্ডে অংশগ্রহণ করেছেন। এ দুই ধরনের কর্মকাণ্ডে নারীদের (যথাক্রমে ১৯.০৭ এবং ২০.১৯ শতাংশ) তুলনায় পুরুষদের (যথাক্রমে ২৬.৬৪ এবং ৩৩.৯০ শতাংশ) অংশগ্রহণ বেশি ছিল। আবার, ১১.০৭ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি সর্বদা, ১২.৪৪ শতাংশ বেশিরভাগ সময় এবং ৩৮.২১ শতাংশ কখনো কখনো উল্লিখিত ছয় মাসের মধ্যে সামাজিক কর্মকাণ্ডে অংশ নিয়েছেন। অবশিষ্ট ৩৮.২৮ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি সামাজিক কর্মকাণ্ডে কখনও অংশগ্রহণ করেননি বা অংশগ্রহণ করতে আগ্রহী ছিলেন না। ধর্মীয়

Accessibility

Among the persons with disabilities, 61.98 percent received healthcare services in three months preceding the survey. Again, 92.33 percent of them received healthcare services sometimes in twelve months preceding the interview. High treatment cost (81.00 percent) and lack of family support (30.77 percent) were the main reasons for not receiving the service as reported by those who could not easily access the service during the three months. Of those who received health services in twelve months, around one-fourth received it from the government health facilities, i.e., medical college hospitals, district hospitals and upazila health complexes (persons with disabilities: 22.48 percent and general people: 17.56 percent). Other government health centres (i.e., maternal and child welfare centres, union health and family welfare centres, rural dispensaries or community clinics) have very little share (4.03 and 5.04 percent respectively). But, village practitioners (23.84 and 24.04 percent respectively), allopathic drug store (16.68 and 26.98 percent respectively), private hospitals (15.05 and 11.93 percent respectively) and MBBS doctors (13.32 and 10.65 percent respectively) are notable non-government sources of healthcare.

Among the persons with disabilities, 23.50 percent participated in social activities and 28.22 percent in religious activities in six months preceding the survey. Males had higher participation (26.64 and 33.90 percent respectively) than females (19.07 and 20.19 percent respectively) in two types of activity. Again, 11.07 percent of the persons with disabilities always, 12.44 percent most of the time and 38.21 percent sometimes participated in the social activities in the period mentioned; the remaining 38.28 percent never participated or were not-interested to participate. A similar

কর্মকান্ডের ক্ষেত্রেও অংশগ্রহণের একই ধরনের চিত্র পাওয়া যায়।

যথাযথ সরকারি কর্তৃপক্ষের কাছে এক তৃতীয়াংশের কিছু বেশি প্রতিবন্ধী ব্যক্তির (৩৫.৬০ শতাংশ) নিবন্ধন রয়েছে। উল্লেখ্য, এটি একটি চলমান প্রক্রিয়া।

প্রতিবন্ধী ব্যক্তিদের ০.৯৭ শতাংশ প্রতিবন্ধিতা নিয়ে কাজ করে- এমন সংস্থার সাথে যুক্ত; এ হার পুরুষদের মধ্যে ১.১৩ শতাংশ ও নারীদের মধ্যে ০.৭৪ শতাংশ।

প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকাংশই (৮১.৮৮ শতাংশ) কখনো না কখনো সাধারণ এবং স্থানীয় সরকার নির্বাচনে ভোট প্রদান করেছেন।

pattern exists in the case of participation in religious activities.

A little over one third (35.60 percent) of the persons with disabilities have registration with civil authorities. Note that, this is an ongoing process.

Only 0.97 percent of the persons with disabilities are engaged in organizations working for persons with disabilities; it is 1.13 percent for males and 0.74 percent for females.

Most of the persons with disabilities (81.88 percent) have ever casted votes in the general and local government elections.

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সামাজিক সুরক্ষা

সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির (এসএসএনপি) অধীনে সামাজিক সুরক্ষা হিসেবে (সরকারিভাবে নিবন্ধিত ও অনিবন্ধিত নির্বিশেষে) সকল প্রতিবন্ধী ব্যক্তির মধ্যে ৪৭.৪২ শতাংশ কোনো না কোনো সময় এবং ৪৩.৩৫ শতাংশ জরিপের পূর্বের ছয় মাসে কোনো না কোনো ভাতা পেয়েছেন। অন্যদিকে তাদের সকলের মধ্যে ৩৩.৮৭ শতাংশ যে কোনো সময়ে এবং ৩১.৫৪ শতাংশ জরিপের পূর্বের ছয় মাসে প্রতিবন্ধী ভাতা পেয়েছেন। আবার, যাদের নিবন্ধন রয়েছে তাদের ৯১.৪৩ শতাংশ যে কোনো সময় প্রতিবন্ধী ভাতা পেয়েছেন।

শুধুমাত্র ২.১৩ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি এসএসএনপি'র উৎস ছাড়া অন্য কোনো উৎস থেকে কোনো না কোনো সময় সহায়তা পেয়েছেন। তারা প্রধানত এনজিও, সমাজসেবা অধিদপ্তর ও অন্যান্য সরকারি সংস্থা থেকে এ সহায়তা পেয়েছেন। প্রাপ্ত সহায়তার মধ্যে রয়েছে আর্থিক অনুদান, সহায়ক ডিভাইস ও অন্যান্য ধরনের দ্রব্য বা উপাদান।

Social Protection under Social Safety Net Programmes

As a social protection, among all persons with disabilities, (irrespective of having registration or not), 47.42 percent received any allowances any time and 43.35 percent in six months preceding the survey under the government's social safety net programme (SSNP). Again, among all of them, 33.87 percent any time and 31.54 percent in six months preceding the survey received disability allowances. On the other hand, among those who have registration, 91.43 percent received disability allowances any time.

Only 2.13 percent of the persons with disabilities has ever received any assistance other than those of the SSNP mainly in the form of financial grants, assistive devices and other items from NGOs, directorate of social services and other government organizations.

বৈষম্য, হয়রানি ও উপহাস এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ

জরিপে দেখা যায়, প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ৪৩.৭০ শতাংশ জরিপের পূর্বের বারো মাসে যে কোনো সময় বৈষম্য বা হয়রানির শিকার হয়েছেন। যারা বৈষম্য বা হয়রানির শিকার হয়েছেন, তারা প্রধানত প্রতিবন্ধী ব্যক্তি হওয়ার কারণেই (৯৮.৫৮ শতাংশ) এমন ঘটনার শিকার হয়েছেন। অন্যান্য

Discrimination, Harassment and Mockery and Remedial Measures

The survey shows that 43.70 percent of the persons with disabilities have ever felt discriminated against or harassed in twelve months preceding the survey. Those who felt discriminated or harassed, felt so for being a person with disability (98.58 percent). Other

কারণের মধ্যে রয়েছে বয়স, লিঙ্গ, ধর্ম, নৃতাত্ত্বিক বা অভিবাসন উৎস এবং অন্যান্য (১.২৩ থেকে ৭.৮৬ শতাংশ)।

যারা বৈষম্য বা হয়রানির শিকার হয়েছেন, তাদের ৯০.৫৮ শতাংশই তাদের প্রতিবেশীদের দ্বারা এ ধরনের ঘটনার সম্মুখীন হয়েছেন। এছাড়া আত্মীয়স্বজন (৪৩.৩৩ শতাংশ), বন্ধু-বান্ধব (২৮.৪১ শতাংশ) ও নিজ খানার সদস্যও (২৬.৯৭ শতাংশ) এ ধরনের আচরণের জন্য দায়ী।

প্রতিবন্ধী ব্যক্তিদের ৫৬.৪১ শতাংশ জরিপের পূর্বের বারো মাসের কোনো না কোনো সময় উপহাস বা বিদ্রুপের শিকার হয়েছেন। যারা বিদ্রুপের শিকার হয়েছেন তাদের বেশিরভাগই মাঝে মাঝে (৭৩.৮৭ শতাংশ) এ ধরনের ঘটনার সম্মুখীন হয়েছেন। এ ছাড়া অনেকে প্রায়ই (২০.২২ শতাংশ) এবং কেউ কেউ সর্বদা (৫.৯১ শতাংশ) এ ধরনের ঘটনার মুখোমুখি হয়েছেন। প্রতিবেশীরাই মূলত উপহাস ও বিদ্রুপ করে থাকে (৯০.৫৬ শতাংশ)। অন্যান্য উল্লেখযোগ্য ব্যক্তি যারা উপহাস করে তাদের মধ্যে রয়েছে আত্মীয় (৪০.৫৩ শতাংশ), বন্ধু-বান্ধব (২৬.৯৯ শতাংশ) ও নিজের খানার সদস্য (২৩.৪৬ শতাংশ)। আবার, ৫০.৫৪ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তির পরিবার জরিপের আগে বারো মাসের কোনো না কোনো সময় পরিবারে প্রতিবন্ধীর কারণে উপহাসের শিকার হয়েছে। এখানেও প্রতিবেশী প্রধান অভিযুক্ত ব্যক্তি (৯১.৯৫ শতাংশ)। অন্যান্যরা হলো আত্মীয় (৪২.৩৮ শতাংশ), বন্ধু-বান্ধব (২৩.১২ শতাংশ) এবং নিজ খানার সদস্য (১৯.৪৪ শতাংশ)।

বৈষম্য, উপহাস বা হয়রানির শিকার হওয়া প্রতিবন্ধী ব্যক্তিদের ৫.১৫ শতাংশ এর বিরুদ্ধে অভিযোগ করেছেন। যারা অভিযোগ করেছেন তারা প্রধানত প্রতিবেশীর কাছে (৫১.৬৬ শতাংশ), ধর্মীয় নেতা বা স্থানীয় প্রভাবশালীর কাছে (২৭.৫৭ শতাংশ), নিজের খানায় (২১.৮৬ শতাংশ) এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্যের কাছে (১৯.০৪ শতাংশ) অভিযোগ করেছেন। অভিযোগ জানিয়ে তাদের ৫৮.২৪ শতাংশ প্রতিকার পেয়েছেন।

reasons/grounds include age, sex, religion, ethnic or immigration origin and others (1.23 to 7.86 percent).

Among those who felt discriminated against or harassed, 90.58 percent experienced such occurrences by their neighbors. Besides, relatives (43.33 percent), friends (28.41 percent) and own family members (26.97 percent) were also responsible.

Further, 56.41 percent of the persons with disabilities fell victims of ridicule or mockery any time in twelve months preceding the survey. Among those who fell victims, mostly experienced such events occasionally (73.87 percent), followed by most of the time (20.22 percent) and always (5.91 percent). Neighbor is the main responsible for mockery (90.56 percent). The notable others are relatives (40.53 percent), friends (26.99 percent) and own family members (23.46 percent). Again, family members of 50.54 percent of the persons with disabilities experienced mockery for his/her disability during twelve months before the survey. Again, neighbor is the main accused of (91.95 percent). Other notable individuals were: relatives (42.38 percent), friends (23.12 percent) and family members (19.44 percent).

Only 5.15 percent of the persons with disabilities who fell victims of mockery or harassment, complained to someone against discrimination or harassment or mockery. Among those who complained, complained to neighbors (51.66 percent), 'religious leaders or local influentials' (27.57 percent), 'own family members' (21.86 percent) and 'union parishad chairmen or members' (19.04 percent). Among those, who complained, 58.24 percent got remedy by informing complaint.

জরিপে দেখা যায়, সামগ্রিকভাবে জনসংখ্যার ৭.০৭ শতাংশের অন্তত একটি ক্ষেত্রে বা ডোমেইনে ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে; এটি পুরুষদের মধ্যে ৭.২২ শতাংশ এবং নারীদের মধ্যে ৬.৯১ শতাংশ; শহরাঞ্চলে ৬.৫৩ শতাংশ এবং পল্লি এলাকায় ৭.২২ শতাংশ। বয়সভিত্তিক পর্যালোচনায় দেখা যায়, ১.৮৯ শতাংশ ২-৪ বছর বয়সী শিশু, ৪.০২ শতাংশ ৫-১৭ বছর বয়সী শিশু, ৩.৬২ শতাংশ ২-১৭ বছর বয়সী শিশু, ৩.৯৫ শতাংশ ১৮-৪৯ বছর বয়সী (পুরুষ ৪.২৭ শতাংশ এবং নারী ৩.৬৬ শতাংশ) এবং ২২.৬০ শতাংশ ৫০ বছর বা তদূর্ধ্ব বয়সীদের (পুরুষ ২০.৭৫ শতাংশ এবং নারী ২৪.৬৯ শতাংশ) অন্তত এক ধরনের ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে।

২-৪ বছর বয়সী শিশুদের অন্য যে কোনো বিষয়ের চেয়ে (০.২০-০.৯৯ শতাংশ) যোগাযোগের ক্ষেত্রেই ফাংশনাল ডিফিকাল্টি বেশি (১.১৩ শতাংশ)। অন্যদিকে ৫-১৭ বছর বয়সী শিশুদের স্মরণ রাখতে সমস্যা হলো প্রধান ফাংশনাল ডিফিকাল্টি (১.৬৬ শতাংশ)। এ ছাড়া কোনো কিছু শেখা (১.৬০ শতাংশ) এবং আচরণ নিয়ন্ত্রণ করতে সমস্যা (১.৫১ শতাংশ) হচ্ছে অন্য দুটি প্রধান ফাংশনাল ডিফিকাল্টি।

১৮-৪৯ বছর বয়সী পুরুষ ও নারীদের প্রধান ফাংশনাল ডিফিকাল্টি হলো হাঁটার সমস্যা (যথাক্রমে ১.৯৬ এবং ১.৭৪ শতাংশ)। এ ছাড়া নিজের যত্ন নিতে সমস্যা (১.১৭ এবং ০.৯৫ শতাংশ), মনে রাখতে সমস্যা (১.০৩ এবং ০.৮৬ শতাংশ) এবং যোগাযোগ সমস্যা (০.৯৯ এবং ০.৬৯ শতাংশ) প্রভৃতি ফাংশনাল ডিফিকাল্টি উল্লেখযোগ্য।

২-১৭ বছর বয়সী শিশুদের মধ্যে ১.৪৩ শতাংশ চশমা পরে, ০.২১ শতাংশ শ্রবণযন্ত্র এবং ০.৪১ শতাংশ হাঁটার জন্য সরঞ্জাম ব্যবহার করে বা অন্যের সহায়তা গ্রহণ করে। যারা চশমা পরে, তাদের মধ্যে ৬.২৭ শতাংশের চশমা দিয়েও দেখতে অসুবিধা হয়; শ্রবণযন্ত্র ব্যবহার করা শিশুদের মধ্যে ৭.১৯ শতাংশের শ্রবণযন্ত্র ব্যবহার করেও শুনতে অসুবিধা হয় এবং হাঁটার সরঞ্জাম ব্যবহার করা শিশুদের মধ্যে ২৮.১৬ শতাংশের সরঞ্জাম ব্যবহার করেও হাঁটতে সমস্যা হয়। ১৮-৪৯ বছর বয়সী পুরুষদের মধ্যে ৬.৯০ শতাংশ চশমা বা কন্টাক্ট লেন্স এবং ০.৪১ শতাংশ শ্রবণযন্ত্র ব্যবহার করেন।

Overall 7.07 percent of the population have any functional difficulty in at least one domain⁴, followed in this survey⁵; 7.22 percent among males and 6.91 percent among females; 7.22 percent in the rural area and 6.53 percent in the urban area. By age, 1.89 percent of children aged 2-4 years, 4.02 percent of children aged 5-17 years, 3.62 percent of children aged 2-17 years, 3.95 percent of adults aged 18-49 years (male: 4.27 percent and female: 3.66 percent) and 22.60 percent of adults aged 50 years and above (male 20.75 and female 24.69 percent) have any functional difficulty.

Among children aged 2-4 years, communication is more frequently cited domain of functional difficulty (1.13 percent) than any other domains (0.20-0.99 percent). Among children aged 5-17 years, difficulty in remembering is a major domain of functional difficulty (1.66 percent), followed by learning (1.60 percent) and controlling behaviour (1.51 percent).

Among adult men and women aged 18-49 years, respectively, walking is the main domain of functional difficulty (1.96 and 1.74 percent), followed by self-care (1.17 and 0.95 percent), remembering (1.03 and 0.86 percent) and communication (1.00 and 0.69 percent).

Among children aged 2-17 years, 1.43 percent wear glasses, 0.21 percent hearing aid and 0.41 percent use equipment or receive assistance for walking. Among those who wear glasses, 6.27 percent have difficulty seeing even with glasses; of the children using hearing aid, 7.19 percent have difficulty hearing with hearing aid; and among children using equipment for walking, 28.16 percent have difficulty walking even with equipment. Among men aged 18-49 years, 6.90 percent use glasses or contact lenses and 0.41 percent hearing aids. The corresponding

⁴ out of the domains listed in the Washington Group on Disability Statistics Module যা ওয়াশিংটন গ্রুপ প্রতিবন্ধিতার পরিসংখ্যান মডিউলে অন্তর্ভুক্ত ডোমেইনসমূহের কোনো একটি ডোমেইন

⁵ Please see chapter eleven for detail

১৮-৪৯ বছর বয়সী নারীদের ক্ষেত্রে এ হার যথাক্রমে ৮.৮২ এবং ০.৪৩ শতাংশ।

percentages for women aged 18-49 years are 8.82 and 0.43 percent respectively.

উপসংহার

উপসংহারে বলা যায়, জরিপ অনুযায়ী দেশের জনসংখ্যার ২.৮০ শতাংশ প্রতিবন্ধী এবং ৭.০৭ শতাংশ ফাংশনাল ডিফিকাল্টি নিয়ে বসবাস করছেন। নারীর তুলনায় পুরুষের মাঝে এবং শহর এলাকার তুলনায় পল্লি এলাকায় প্রতিবন্ধিতা ও ফাংশনাল ডিফিকাল্টি দুটোই বেশি। শিশুদের বিশেষ করে যোগাযোগ ও মনে রাখার ক্ষেত্রে এবং প্রাপ্তবয়স্কদের হাঁটা, মনে রাখা ও যোগাযোগে ফাংশনাল ডিফিকাল্টি রয়েছে। শারীরিক প্রতিবন্ধিতা, মানসিক অসুস্থতা, একাধিক প্রতিবন্ধিতা এবং দৃষ্টি, শ্রবণ ও বাকশক্তির বৈকল্য প্রভৃতি প্রতিবন্ধিতার উল্লেখযোগ্য ধরন।

প্রতিবন্ধী ব্যক্তিদের অর্ধেকই আনুষ্ঠানিক শিক্ষাবিহীন এবং তাদের খুব অল্পই উচ্চশিক্ষায় শিক্ষিত। বয়সের ভিত্তিতে সাধারণ শিক্ষার্থীদের তুলনায় প্রতিবন্ধী শিক্ষার্থীরা পড়াশোনায় গড়ে ২.৩৮ বছর পেছনে রয়েছে।

১৫-৬৫ বছর বয়সী প্রতিবন্ধীদের প্রতি ৩ জনে ১ জন কর্মে নিয়োজিত, যাদের অধিকাংশই স্ব-কর্মসংস্থান ও খানার কর্ম বা ব্যবসায় যুক্ত। প্রতি ৩ জন প্রতিবন্ধীর মধ্যে ১ জন সামাজিক ও ধর্মীয় কর্মকাণ্ডে অংশগ্রহণ করেছেন। প্রতি ২ জন প্রতিবন্ধীর ১ জন প্রধানত সরকারি ও বেসরকারি স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল থেকে স্বাস্থ্যসেবা পেয়েছেন।

প্রতি ৩ জন প্রতিবন্ধীর ১ জনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন রয়েছে। যাদের নিবন্ধন রয়েছে তাদের প্রায় সকলেই (৯০ শতাংশের বেশি) সরকারি প্রতিবন্ধী ভাতা পেয়েছেন।

প্রতিবেশীর দ্বারা হয়রানি, বৈষম্যমূলক আচরণ এবং উপহাসের শিকার হওয়া প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনে একটি সাধারণ ঘটনা। দেখা যায়, প্রতি ২ জন প্রতিবন্ধীর ১ জন কখনো না কখনো এ ধরনের অশালীন আচরণের সম্মুখীন হয়েছেন। তাদের খুব কম সংখ্যকই এ ধরনের ঘটনার বিরুদ্ধে প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করেছেন। তবে যারা প্রতিকারের জন্য অভিযোগ করেছেন তাদের অনেকেই প্রতিকার পেয়েছেন।

Conclusion

To conclude it may be mentioned that, 2.80 percent of the country's population are living with disability and 7.07 percent with functional difficulty. Males and rural areas are likelier than females and urban areas to have disability and functional difficulty. Particularly children have their functional difficulties in communication and remembering and adults have problems in walking, remembering and communication. Physical disability, mental illness, multiple disability and disability in vision, hear and speech are notable by type.

A half of the persons with disabilities are without formal education and a nominal proportion have higher education. Compared to general persons they lag behind by 2.38 years on an average.

Every 1 in 3 persons with disabilities aged 15-65 years are employed where self-employment is very common along with household/family business. Only 1 in 3 persons with disabilities have participation in social and religious activities. Every 1 in 2 of them have access to health services mainly from government and private facilities.

Only 1 out of 3 have registration with civil authorities and among them almost all (over 90 percent) got the government disability allowance.

Experiencing harassment and discriminative behaviour and mockery by neighbor is a common phenomenon in the life of the persons with disabilities: every 1 out of 2 experienced such indecent behaviour. A very few of them took remedial actions. Many of those who complained to someone seeking remedy, received some sort of remedial support.

প্রথম অধ্যায়
পটভূমি ও ভূমিকা

Chapter One
Background and Introduction

Background and Introduction

১.১ পটভূমি

বর্তমানে বাংলাদেশে প্রতিবন্ধিতার বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করে জাতীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিগণ দৈনন্দিন জীবনে স্বাস্থ্যসেবা, শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ এবং প্রতিবন্ধিতা-সম্পর্কিত প্রয়োজনীয় সেবাসমূহে সাধারণ মানুষের সমান সুযোগ পায় না। উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধিতা একটি উল্লেখযোগ্য অন্তরায়। কেননা যাদের প্রতিবন্ধিতা নেই তাদের তুলনায় প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকাংশই বিরূপ আর্থ-সামাজিক অবস্থা ও দারিদ্র্যের সম্মুখীন হয়ে থাকে। প্রতিবন্ধী ব্যক্তিদের একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার আওতায় আনতে পারলে তাদের বড় একটি অংশ নিজেরাই জীবিকা নির্বাহ করতে সক্ষম হবে এবং দক্ষ জনশক্তিতে পরিণত হওয়ার পাশাপাশি আত্মবিশ্বাস ও মর্যাদার সাথে বসবাস করতে পারবে। বাংলাদেশের অভ্যুদয়ের পর ১৯৭২ সালের সংবিধান মানবিক সাম্য ও বৈষম্যহীনতার প্রতি দৃঢ় অঙ্গীকারের কথা ঘোষণা করে।

প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকারের ইতিহাসে সবচেয়ে বড় অর্জন প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকারের কনভেনশন (সিআরপিডি)-এর মাধ্যমে ‘প্রতিবন্ধিতা’কে মানুষের বিশেষ বৈশিষ্ট্য হিসেবে স্বীকৃতি দেয়া, যাকে বাংলাদেশ সরকার ৩০ নভেম্বর ২০০৭ তারিখে অনুমোদন দেয়। সিআরপিডি’র ভিত্তিতে সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ পাস করেছে। এ লক্ষ্যে ২০১৫ সালে দুটি বিধিও প্রণয়ন করা হয়েছে। এছাড়া উল্লিখিত আইন ও সনদের বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় কর্মপরিকল্পনাও গৃহীত হয়েছে।

বর্তমান বিশ্বে প্রায় ২৪০ মিলিয়ন শিশুর কোনো না কোনো ধরনের প্রতিবন্ধিতা রয়েছে। এ সংখ্যা এর আগের প্রাপ্ত সংখ্যার চেয়ে বেশি এবং এটি আরও কার্যকর ও অন্তর্ভুক্তিমূলক বিবেচনার উপর ভিত্তি করে ধরা হয়েছে, যেখানে মনোসামাজিক কল্যাণসহ বিভিন্ন ধরনের ফাংশনাল ডিফিকাল্টিকে বিবেচনায় রাখা হয়েছে।

1.1 Background

Currently in Bangladesh the issues of persons with disabilities are being proactively considered for national planning and implementation. Many persons with disabilities do not have equal access to healthcare, education and employment opportunities and disability-related necessary services in their everyday life activities. Disability is an important issue of development, as most of the persons with disabilities experience worse socio-economic outcomes and poverty than persons without disabilities do. If the persons with disabilities can be brought under a comprehensive development plan, a large portion of them will be able to earn a living and become skilled manpower as well as can live with confidence and dignity. After the birth of Bangladesh, there was a strong commitment on human equality and respect against discrimination in the constitution of 1972.

The biggest achievement in the history of rights of persons with disabilities is the acknowledgement of ‘disability’ as a human variety by the Convention on the Rights of Persons with Disabilities (CRPD) which was ratified by the Government of Bangladesh on November 30, 2007. Based on CRPD, the government has passed Persons with Disability Rights and Protection Act, 2013 and Neuro-Developmental Disability Protection Trust Act, 2013. For this, two rules have also been formulated in 2015. In addition, the National Action Plan was adopted in continuation of the implementation of the aforementioned laws and the charter.

Now-a-days, nearly 240 million children in the world have some forms of disabilities.⁶ This estimation is higher than previous figures and is based on a more meaningful and inclusive understanding of disability, which considers several domains of functioning, including those related to psychosocial well-being. Most of the

⁶ Children with Disabilities Overviews, <http://data.unicef.org/topic/child-disability/overview/>

বেশিরভাগ প্রতিবন্ধী শিশুর এক সময়ে একটিমাত্র ফাংশনাল ডোমেইনে সমস্যা হয়। মনোসামাজিক সমস্যাগুলো যে কোনো বয়সেই দেখা দিতে পারে এবং কিছু কিছু ক্ষেত্রে এটি অন্যান্য ফাংশনাল ডিফিকাল্টির সাথে যুক্ত হয়ে দেখা দেয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ২০২১ সালে প্রথমবারের মতো সারা দেশে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি) পরিচালনা করে। এ জরিপের মূল উদ্দেশ্য বাংলাদেশের জনগণের মধ্যে বিদ্যমান বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতার হার সম্পর্কে ধারণা লাভ করা। পাশাপাশি, এ জরিপের উদ্দেশ্য ছিল প্রতিবন্ধিতার প্রধান কারণগুলো নির্ণয় করা, প্রতিবন্ধী ব্যক্তির সামাজিক এবং পারিবারিক গ্রহণযোগ্যতা, কর্মসংস্থান, শিক্ষা এবং সামাজিক কার্যক্রমে অংশগ্রহণের মাত্রা, প্রতিবন্ধী ব্যক্তির প্রতি স্বাস্থ্যসেবা প্রদানকারীর অবদান বা ভূমিকা, মানবকল্যাণ ও সামাজিক ক্ষেত্রে অংশগ্রহণে প্রতিবন্ধিতার প্রভাব এবং বিভিন্ন ক্ষেত্রে প্রবেশাধিকার এবং নিগ্রহের শিকার হওয়া প্রভৃতি ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রভাব নিরূপণ করা এবং প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়নের জন্য নীতি ও কর্মসূচি প্রণয়নে গবেষক, পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক ও শিক্ষাবিদ প্রমুখকে তথ্য সরবরাহ করা।

এ জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য-উপাত্ত প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের নীতিমালায় জাতীয় অগ্রাধিকার নির্ধারণে টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন ও মূল্যায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ তথ্য বিভিন্ন গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানের জন্য রেফারেন্স হিসেবে ব্যবহার করা যেতে পারে। এছাড়া জরিপে প্রাপ্ত তথ্য প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য সিদ্ধান্ত গ্রহণে বিভিন্ন মন্ত্রণালয়ের বিভাগ বা সংস্থা কিংবা এনজিও এবং সরকারের উন্নয়ন সহযোগীদের সহায়তা করবে।

প্রতিবন্ধিতা সম্পর্কিত পরিসংখ্যানের অন্যতম প্রধান চ্যালেঞ্জ হলো প্রতিবন্ধিতা পরিমাপ করার প্রক্রিয়া বা কিভাবে প্রতিবন্ধিতা পরিমাপ করা হবে তার পদ্ধতি নির্ধারণ করা। প্রতিবন্ধিতার পরিসংখ্যান প্রস্তুত করতে বর্তমান জরিপটি দুটি বিষয় অর্থাৎ বাংলাদেশের প্রতিবন্ধী ব্যক্তিদের

children with disabilities have difficulties in just one functional domain. Psychosocial issues predominate at every age, in some cases in combination with other functional difficulties.⁷

For the first time, Bangladesh Bureau of Statistics (BBS) conducted the National Survey on Persons with Disabilities (NSPD) throughout the country in 2021. The main objective of this survey was to estimate the prevalence of different types of disabilities/difficulties among the people of Bangladesh, main causes of disability; the social and family acceptance of the persons with disabilities; the extent of the participation of persons with disabilities in employment, education and social activities; the contribution of the health service provider to the persons with disabilities or difficulties; the effect of disability on well-being and community participation, accessibility, victimization etc. and to provide data to researchers, planners, policy makers, academics etc. to formulate policies and programmes for the development of the persons with disabilities or difficulties.

The data generated through this survey will play an important role in setting national priorities in the policies for the development of persons with disabilities and in formulating, implementing and evaluating sustainable development plans. The data may be used as reference documents for various research and educational institutions and also may assist various divisions, departments or agencies of the ministries or NGOs and development partners of the Government in decision making for the development of persons with disabilities.

One of the major challenges relating to disability statistics is the way disability is measured. For producing the disability statistics, this survey has considered and adopted both Persons with Disability Rights and Protection Act, 2013 of

⁷ Children with Disabilities Overviews, <https://data.unicef.org/topic/child-disability/overview/>

অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং ওয়াশিংটন গ্রুপ প্রতিবন্ধীতা পরিসংখ্যান মডেল ও সংজ্ঞা ব্যবহার করেছে।

১.১.১ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুসারে, ‘প্রতিবন্ধীতা’ বলতে একজন ব্যক্তির দীর্ঘমেয়াদী বা স্থায়ী শারীরিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, বিকাশগত বা সংবেদনশীলতার ক্ষেত্রে বৈকল্য এবং উপলব্ধিগত ও পরিবেশগত বাধার সংমিশ্রণ যা তাকে অন্যদের সাথে সমানভাবে সমাজে অংশগ্রহণে পরিপূর্ণভাবে বা আংশিক এবং কার্যকরী বাধা দেয়। এ আইনে বারো ধরনের প্রতিবন্ধীতার কথা রয়েছে, যথা:

- (ক) অটিজম বা অটিজমস্পেকট্রাম ডিজঅর্ডার;
- (খ) শারীরিক প্রতিবন্ধীতা;
- (গ) মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধীতা;
- (ঘ) দৃষ্টি প্রতিবন্ধীতা;
- (ঙ) বাক প্রতিবন্ধীতা;
- (চ) বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধীতা;
- (ছ) শ্রবণ প্রতিবন্ধীতা;
- (জ) শ্রবণ-দৃষ্টি প্রতিবন্ধীতা;
- (ঝ) সেরিব্রাল পালসি;
- (ঞ) ডাউন সিনড্রোম;
- (ট) বহুমাত্রিক প্রতিবন্ধীতা; এবং
- (ঠ) অন্যান্য প্রকারের প্রতিবন্ধীতা।

বর্তমান জরিপে ২০১৩-এর আইনে বর্ণিত প্রতিবন্ধীতার সংজ্ঞা ও প্রকার বিবেচনা করে তথ্য সংগ্রহ ও রিপোর্ট তৈরি করা হয়েছে।

১.১.২ ওয়াশিংটন গ্রুপ প্রতিবন্ধীতা পরিসংখ্যান

২০০১ সালে আমেরিকার নিউইয়র্ক শহরে প্রতিবন্ধীতা পরিমাপ বিষয়ক একটি আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রতিবন্ধী পরিসংখ্যান সম্পর্কিত ওয়াশিংটন গ্রুপ (ডব্লিউজি) নামে জাতিসংঘের পরিসংখ্যান কমিশনের অধীনে একটি জাতিসংঘ শহর গ্রুপ গঠন করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীরা সম্মত হন যে, প্রতিবন্ধী ব্যক্তি সম্পর্কে প্রাক্কলন তৈরির জন্য সাধারণ সংজ্ঞা, ধারণা, মান এবং পদ্ধতির প্রয়োজন। অতীতে জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে এ জাতীয় তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত

Bangladesh as well as Washington Group on Disability Statistics model and definition.

1.1.1 Persons with Disabilities Rights and Protection Act, 2013

According to Persons with disabilities Rights and Protection Act, 2013, ‘Disability’ is defined as long term or permanent physical, psychological, intellectual, developmental or sensory impairment of a person and the interaction of the perceptual and environmental barriers that hinders their smooth and effective participation in the society on an equal basis with others. This Act considers twelve types of disabilities, which include-

- (a) autism or autism spectrum disorders;
- (b) Physical disability;
- (c) Mental illness leading to disability;
- (d) Visual disability Speech disability;
- (e) Intellectual disability;
- (f) Hearing disability;
- (g) Deaf-blindness;
- (h) Cerebral palsy;
- (i) Down syndrome;
- (j) Multiple disability; and
- (k) Other disability.

The present survey has been designed to collect data and prepare the report considering the definition and types of disability stated in the Act of 2013.

1.1.2 The Washington Group (WG) on Disability Statistics

In 2001, the International Seminar on the Measurement of Disability was held in New York and formed the Washington Group (WG) on Disability Statistics, a UN city group under UN Statistical commission. During the meeting, participants agreed that there was a need for common definitions, concepts, standards and methodologies for the production of statistics or estimates about persons with disabilities. In the past, definitions and methodologies for the collection of such data were also not consistent

সংজ্ঞা এবং পদ্ধতি সামঞ্জস্যপূর্ণ ছিল না; ফলে তাদের সংগৃহীত তথ্য পরস্পরের সাথে তুলনা করা সম্ভব হতো না।

প্রতিষ্ঠার পর থেকে ওয়াশিংটন গ্রুপ প্রতিবন্ধিতা সম্পর্কিত আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য তথ্য বা ডাটা সংগ্রহের জন্য কিছু মাধ্যম (প্রশ্নপত্র বা চেকলিস্ট) তৈরি ও পরীক্ষা করেছে। এ পরিপ্রেক্ষিতে সংস্থাটি প্রতি বছর বিভিন্ন আন্তর্জাতিক পরিসংখ্যান অফিস এবং বেসরকারি সংস্থার প্রতিনিধিদের সাথে বৈঠকে মিলিত হয়েছে। এখন অবধি ওয়াশিংটন গ্রুপের তৈরি উপাদানগুলোর মধ্যে রয়েছে প্রাথমিকভাবে তৈরি করা ফাংশনালিটি সম্পর্কিত ছয়টি প্রশ্নের একটি সংক্ষিপ্ত সেট এবং এছাড়াও জনশুমারি ও নমুনা জরিপের জন্য ফাংশনালিটি সম্পর্কিত প্রশ্নের বর্ধিত সেট।

among United Nations' (UN) Member States, resulting in an inability to compare data.

Since its inception, the WG has developed and tested several tools to be used for the collection of internationally comparable disability data. It meets annually with representatives from a range of international statistical offices and non-governmental organizations. So far, products, developed by the WG, include a Short Set of Six Questions on Functioning designed primarily and also Extended Set of Questions on Functioning for census and surveys.

ওয়াশিংটন গ্রুপ মডিউল-এর অগ্রাধিকারসমূহ	Priorities of The Washington Group Module
<ul style="list-style-type: none"> জনশুমারি ও জাতীয় পর্যায়ের জরিপের জন্য প্রতিবন্ধিতার সঠিক পরিমাপের উপর গুরুত্ব দিয়ে স্বাস্থ্য পরিসংখ্যানের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতাকে উৎসাহিত করা ও সমন্বয় করা প্রতিবন্ধিতা সম্পর্কে আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য মৌলিক বা প্রাথমিক তথ্য সরবরাহ করা জনশুমারির উপাদান বা বিশেষ জরিপের পরিপূরক হিসেবে ব্যবহার করার লক্ষ্যে প্রতিবন্ধিতা সম্পর্কিত জরিপের প্রশ্নমালার এক বা একাধিক বর্ধিত সেটের সুপারিশ করা উল্লেখ্য, প্রতিবন্ধিতার আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য পরিসংখ্যান সংগ্রহের জন্য ওয়াশিংটন গ্রুপ কর্তৃক গৃহীত প্রশ্নের সেট পরিশিষ্টে দেয়া হয়েছে। 	<ul style="list-style-type: none"> Promote and coordinate international cooperation in the area of health statistics by focusing on disability measures suitable for censuses and national surveys Provide basic necessary information on disability which is comparable throughout the world Recommend one or more extended sets of survey items to measure disability to be used as components of population surveys or as supplements to specialty surveys Questions Sets adopted by the Washington Group for the collection of internationally comparable disability statistics are given at Annexes

১.১.৩ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে প্রতিবন্ধীদের অধিকারকে বাস্তবে রূপায়িত করার ইনচিওন কৌশল

1.1.3 Incheon Strategy To 'Make the Right Real' for Persons with Disabilities in Asia and the Pacific

ইনচিওন কৌশলটি ১০টি পারস্পরিক সম্পর্কযুক্ত উদ্দেশ্য, ২৭টি অভিষ্ট লক্ষ্য এবং ৬২টি সূচক নিয়ে গঠিত। এর উদ্দেশ্য ও অভিষ্ট লক্ষ্য অর্জনের সময়সীমা হলো ২০১৩ থেকে ২০২২, যা এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় প্রতিবন্ধী দশক হিসেবে স্বীকৃত। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে

The Incheon Strategy is composed of 10 interrelated goals, 27 targets and 62 indicators. The time frame for achieving the goals and targets is the Asian and Pacific Decade of Persons with disabilities, 2013 to 2022. The 10 goals to make the right real for persons with

প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকারকে বাস্তবে রূপায়িত করার ১০টি উদ্দেশ্য নিম্নে বর্ণনা করা হলো:

disabilities in Asia and the Pacific are presented below:

- | | |
|---|---|
| ১. দারিদ্র্য কমানো ও কর্মসংস্থানের সম্ভাবনা বাড়ানো | 1. Reduce poverty and enhance work and employment prospects |
| ২. রাজনৈতিক প্রক্রিয়া ও সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণকে উৎসাহিত করা। | 2. Promote participation in political processes and in decision-making |
| ৩. বাহ্যিক পরিবেশ, গণপরিবহণ, জ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রভৃতিতে প্রবেশগম্যতা ত্বরান্বিত করা। | 3. Enhance the access to the physical environment, public transportation, knowledge, information and communication |
| ৪. সামাজিক সুরক্ষা শক্তিশালী করা। | 4. Strengthen social protections |
| ৫. প্রতিবন্ধী শিশুদের বিকাশ ও শিক্ষা সম্প্রসারণ করা। | 5. Expand early intervention and education of children with disabilities |
| ৬. লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা। | 6. Ensure gender equality and women's empowerment |
| ৭. প্রতিবন্ধীদের জন্য দুর্যোগের ঝুঁকি হ্রাস ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা। | 7. Ensure disability-inclusive disaster risk reduction and management |
| ৮. প্রতিবন্ধিতা সংক্রান্ত তথ্যকে অধিকতর নির্ভরযোগ্য ও তুলনায়োগ্য করা। | 8. Improve the reliability and comparability of disability data |
| ৯. প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংক্রান্ত কনভেনশন অনুমোদন ও বাস্তবায়ন ত্বরান্বিত করা এবং কনভেনশনের সাথে দেশের আইনকে সমন্বয় করা। | 9. Accelerate the ratification and implementation of the Convention on the Rights of Persons with Disabilities and the harmonization of national legislation with the Convention. |
| ১০. আঞ্চলিক, উপ-আঞ্চলিক ও আন্ত-আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি করা। | 10. Advance sub regional, regional and interregional cooperation |

১.১.৪ টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) ও প্রতিবন্ধিতা

1.1.4 The Sustainable Development Goals (SDGs) and Disability

২৫ সেপ্টেম্বর ২০১৫-এ অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও ১৬৯টি লক্ষ্যমাত্রা নিয়ে গঠিত ‘আমাদের বিশ্বকে রূপান্তর: টেকসই উন্নয়নের এজেন্ডা ২০৩০’ শীর্ষক দলিল গ্রহণ করা হয়। টেকসই উন্নয়ন অভীষ্টগুলো অধিকতর সমতাভিত্তিক, শান্তিপূর্ণ, স্থিতিস্থাপক এবং সমৃদ্ধ সমাজের দিকে এগিয়ে যেতে সহায়ক একটি আন্তর্জাতিক কাঠামো উপস্থাপন করে। এ সব অভীষ্ট অর্জনে সদস্য দেশগুলো একটি জাতীয় কাঠামো ও তার মালিকানা গ্রহণ করবে বলে আশা করা হয়। ‘এজেন্ডা ২০৩০’ এর বিবেচনা অনুযায়ী, লক্ষ্যমাত্রার অগ্রগতি পরিমাপের জন্য এবং ‘কাউকে পেছনে ফেলে নয়’-এ অঙ্গীকার নিশ্চিত করতে মানসম্পন্ন,

The United Nations (UN) General Assembly, in its 70th Session held on 25th September 2015, adopted the document titled "Transforming our World: the 2030 Agenda for Sustainable Development" consisting of 17 Sustainable Development Goals (SDGs) and associated 169 targets. The SDGs provide an international framework to move towards more equitable, peaceful, resilient, and prosperous societies. Countries are expected to take ownership and establish a national framework for achieving these goals. The 2030 Agenda also underscored the fact that quality, reliable and disaggregated data would be needed for measurement of

নির্ভরযোগ্য এবং বিভিন্ন বিষয়ে বিভক্ত ডাটা বা তথ্যের প্রয়োজন হবে।

টেকসই উন্নয়ন লক্ষ্য-এর বিভিন্ন অংশে, বিশেষ করে শিক্ষা, প্রবৃদ্ধি ও কর্মসংস্থান, অসমতা, মানব বসতিতে প্রবেশাধিকার, তথ্য সংগ্রহ ও উন্নয়ন লক্ষ্যগুলোর পর্যবেক্ষণ সম্পর্কিত অংশে প্রতিবন্ধিতার কথা উল্লেখ করা হয়েছে। যেমন:

লক্ষ্য ৪: সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক মানসম্পন্ন শিক্ষার সুযোগকে সমর্থনকারী ৪ নম্বর লক্ষ্যটি শিক্ষায় লিঙ্গ বৈষম্য দূর করা এবং প্রতিবন্ধী ব্যক্তিসহ ঝুঁকিপূর্ণদের জন্য শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সকল স্তরে সমান প্রবেশাধিকার নিশ্চিত করার উপর বিশেষভাবে নজর দেয়।

লক্ষ্য ৮: আন্তর্জাতিক সম্প্রদায় প্রতিবন্ধী ব্যক্তিসহ সকল নারী ও পুরুষের জন্য পূর্ণ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং যথাযথ ও সমান মূল্যের কাজের জন্য সমতাভিত্তিক পারিশ্রমিক অর্জন দেখতে চায়, যেন এর দ্বারা সকলের জন্য টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, পূর্ণ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং সঠিক কাজ নিশ্চিত হয়।

লক্ষ্য ১০: প্রতিবন্ধী ব্যক্তিসহ সকলের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষমতায়ন এবং অন্তর্ভুক্তিকে সমর্থনের মাধ্যমে বিভিন্ন দেশে বৈষম্য কমানোর চেষ্টা করা।

লক্ষ্য ১১: শহর ও অন্যান্য মানববসতিকে অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ এবং টেকসই করতে লক্ষ্য-১১ কাজ করবে। এ লক্ষ্যটি সঠিকভাবে উপলব্ধি করার জন্য সদস্য রাষ্ট্রগুলোকে সকলের জন্য নিরাপদ, সাশ্রয়ী, অব্যাহত ও টেকসই পরিবহন ব্যবস্থা নিশ্চিত করার আহ্বান জানানো হয় এবং প্রতিবন্ধীসহ যারা দুর্বল বা ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে রয়েছে তাদের চাহিদার প্রতি বিশেষ লক্ষ্য রেখে বিশেষ করে গণপরিবহণের প্রসারের মাধ্যমে সড়ক নিরাপত্তা ব্যবস্থার উন্নতির আহ্বান জানানো হয়।

progress on the targets and for ensuring that 'Leave No One Behind'.

Disability is referenced in various parts of the SDGs and specifically in parts related to education, growth and employment, inequality, accessibility of human settlements, and data collection and monitoring of the SDGs, for instance:

Goal 4: on inclusive and equitable quality education opportunities for all focuses on eliminating gender disparities in education and ensuring equal access to all levels of education and vocational training for the vulnerable, including persons with disabilities.

Goal 8: to promote sustained, inclusive and sustainable economic growth, full and productive employment and decent work for all, the international community aims to achieve full and productive employment and decent work for all women and men, including for persons with disabilities, and equal pay for work of equal value.

Goal 10: strives to reduce inequality within and among countries by empowering and promoting the social, economic and political inclusion of all, including persons with disabilities.

Goal 11: would work to make cities and human settlements inclusive, safe and sustainable. To realize this goal, Member States are called upon to provide access to safe, affordable, accessible and sustainable transport systems for all, improving road safety, notably by expanding public transport, with special attention to the needs of those in vulnerable situations, such as persons with disabilities.

লক্ষ্য ১৭: লক্ষ্য ১৭ এ বিষয়ে জোর দেয় যে, লক্ষ্য বাস্তবায়নের মাধ্যম বা উপায়গুলোকে শক্তিশালী করতে এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাপী অংশীদারিত্বকে পুনরুজ্জীবিত করতে টেকসই উন্নয়ন লক্ষ্য সংক্রান্ত তথ্য সংগ্রহ ও সেগুলোর অগ্রগতি পর্যবেক্ষণ এবং এ বিষয়ে জবাবদিহিতা অত্যন্ত জরুরি। কাজেই সদস্য রাষ্ট্রগুলো যেন প্রতিবন্ধিতার তথ্যসহ উচ্চ-মানের সময়োপযোগী ও নির্ভরযোগ্য তথ্য বা ডাটা সহজলভ্য করে।

টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের জন্য প্রতিবন্ধিতাকে এসডিজি বাস্তবায়ন পরিকল্পনার মূলধারায় আনয়ন এবং আন্তর্জাতিক ও জাতীয় উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নকে অগ্রাধিকার দেয়া প্রয়োজন।

প্রতিবন্ধিতা বিষয়ক পরিসংখ্যান বা তথ্য-ভান্ডার শক্তিশালী করতে বিভিন্ন বৈশ্বিক উদ্যোগ সত্ত্বেও প্রতিবন্ধিতা সংক্রান্ত গুরুত্বপূর্ণ সূচক সম্পর্কে নির্ভরযোগ্য তথ্যের সহজলভ্যতা অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। উপরে উল্লিখিত এসডিজির সূচক ছাড়াও অন্যান্য এসডিজি-সূচকের জন্য প্রতিবন্ধিতা বিষয়ক তথ্যের প্রয়োজন। এ সব সূচক সম্পর্কে নিয়মিত তথ্য প্রবাহ নিশ্চিত করা একটি বড় চ্যালেঞ্জ। তবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) অন্যান্য বিষয়ের পাশাপাশি প্রতিবন্ধিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়ে তথ্য সংগ্রহের জন্য বৃহৎ আকারে জাতীয় জরিপ পরিচালনার মাধ্যমে প্রতিবন্ধী সংক্রান্ত তথ্য ও পরিসংখ্যানের ঘাটতি পূরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে।

Goal 17: stresses that in order to strengthen the means of implementation and revitalize the global partnership for sustainable development, the collection of data and monitoring and accountability of the SDGs are crucial. Member States would significantly increase the availability of high-quality, timely and reliable data that is also disaggregated by disability.

In order to achieve the SDGs, disability need to be mainstreamed into the implementation plan of SDGs and the international and national development programmes are needed to prioritize inclusive development.

Despite several global initiatives on strengthening the Disability Statistics, availability of reliable data on important indicators by disability is a major concern. Apart from the above-mentioned SDG indicators, several other SDG indicators require data disaggregation by disability. Regular data flow on those indicators is one of the major challenges. However, National Statistics Office (NSO), Bangladesh, is taking several steps to bridge data gaps on disability statistics inter-alia by conducting large scale National Sample Surveys to collect data on certain important characteristics on disability.

১.২. জরিপের উদ্দেশ্য

মূল উদ্দেশ্য

- প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়ন ও উন্নয়নের মূল প্রবাহের সাথে তাদের কর্মসংস্থানের সংযোগ এবং জীবনের সকল ক্ষেত্রে তাদের সমান অধিকার নিশ্চিত করতে প্রয়োজনীয় পরিসংখ্যান সংগ্রহ করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ

- i. বাংলাদেশের মানুষের মধ্যে কী কী ধরনের প্রতিবন্ধিতা পাওয়া যায় (অর্থাৎ Prevalence) তার প্রাক্কলন নিরূপণ করা;

1.2. Objectives of the Survey

Main objective

- To collect necessary statistics for the development of the persons with disabilities, employment connection with the main flow of development and provide them equal rights in all spheres of life.

Specific Objectives

- i. To estimate the prevalence of different types of disabilities among the people of Bangladesh;

- ii. শারীরিক ও সামাজিক বিষয় হিসেবে প্রতিবন্ধিতার বর্তমান হার নিরূপণ (Incidence) ও প্রধান কারণগুলো শনাক্ত করা;
 - iii. প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক এবং পারিবারিক গ্রহণযোগ্যতা যাচাই করা;
 - iv. কর্মসংস্থান, শিক্ষা এবং সামাজিক কর্মকাণ্ডে প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণের মাত্রা চিহ্নিত করা;
 - v. প্রতিবন্ধী ব্যক্তিদেরকে প্রদত্ত সেবার তথ্য সংগ্রহ করা;
 - vi. প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি স্বাস্থ্যসেবা প্রদানকারীর অবদান বা ভূমিকা মূল্যায়ন করা;
 - vii. মানবকল্যাণ এবং সমাজে অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রভাব মূল্যায়ন করা; এবং
 - viii. প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে নীতিমালা প্রণয়নে গবেষক, পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, শিক্ষাবিদ প্রমুখকে তথ্য সরবরাহ করা।
- ii. To assess the current incidence and main causes of disability as a physical and social phenomenon;
 - iii. To assess the social and family acceptance of persons with disabilities;
 - iv. To identify the extent of the participation of persons with disabilities in employment, education and social activities;
 - v. To collect information on services provided to persons with disabilities;
 - vi. To assess the contribution of the health service provider to the persons with disabilities;
 - vii. To assess the effect of disability on well-being and community participation; and
 - viii. To provide data to researchers, planners, policy makers, academics etc. to formulate policies for providing better health and other services to the persons with disabilities.

দ্বিতীয় অধ্যায়
জরিপ পদ্ধতি

Chapter Two
Survey Methodology

Survey Methodology

২.১ জরিপ নকশা

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি) ২০২১ একটি জনসংখ্যা তথা জনতত্ত্ব ভিত্তিক ক্রস-সেকশনাল জরিপ। জাতীয়, বিভাগীয় এবং শহর ও পল্লি পর্যায়ে জন্য প্রতিবন্ধিতার বিভিন্ন সূচকের প্রতিনিধিত্বশীল পরিসংখ্যান নিরূপণে জরিপটি পরিচালনা করা হয়েছে।

2.1 Survey Design

National Household Survey on Persons with Disabilities (NSPD) 2021 is a population as well as demography based cross-sectional survey. The NSPD has been designed to generate representative statistics for different indicators of disability at national, divisional and urban and rural levels.

২.২ নমুনার আকার

নমুনার আকার নির্ণয়ে ২০১১ সালের আদমশুমারি ও গৃহগণনা হতে প্রাপ্ত প্রতিবন্ধিতার ইন্ডিকেটরসমূহ ব্যবহার করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে প্রতিনিধিত্বকারী সূচকের পরিসংখ্যান নিরূপণের জন্য নমুনার ন্যূনতম আকার নির্ধারণ করা জরুরি। এ বিষয়টির উপর ভিত্তি করে নিম্নলিখিত সূত্রটি ব্যবহারের মাধ্যমে নমুনার আকার নির্ধারণ করা হয়:

2.2 Sample Size

For determining the sample size, the indicators of disability found in Population and Housing Census 2011 have been used. It is necessary to define the minimum sample size to generate statistics of the indicators representing divisional levels. Based on this aspect, the sample size has been calculated using the formula given below:

$$= \frac{[4() (1 -) ()]}{[(0.07)^2 () ()]}$$

এখানে,

n = প্রয়োজনীয় নমুনার আকার, যার দ্বারা খানার সংখ্যা প্রকাশ করা হয়।

4 = ৯৫ ভাগ (সঠিক হওয়ার) আত্মবিশ্বাস অর্জনের একটি ফ্যাক্টর

r = সূচকের প্রত্যাশিত মান, যাকে একটি অনুপাত বা শতকরা আকারে প্রকাশ করা হয়।

$deff$ = সূচকে নমুনা নকশার প্রভাবের মান, যা পূর্বের কোনো জরিপ থেকে নেওয়া হয়েছে কিংবা স্বতসিদ্ধ মান হিসেবে ২.৫ ব্যবহার করে প্রাক্কলন করা হয়েছে।

$0.07r$ = ভুলের সীমা (ME) যা ৯৫ শতাংশ আত্মবিশ্বাসের স্তরে মেনে নেওয়া যায়, যাকে r এর ৭ শতাংশ (r -এর ভুলের আপেক্ষিক সীমা) হিসেবে চিহ্নিত করা হয়েছে।

pb = মোট জনসংখ্যার অনুপাত যার ভিত্তিতে r সূচকটি নির্ধারণ করা হয়েছে।

Where,

n = the required sample size, expressed as number of households

4 = a factor to achieve the 95 percent level of confidence

r = the predicted or anticipated value of the indicator, expressed in the form of a proportion

$deff$ = the design effect for the indicator, estimated from a previous survey or using a default value of 2.5

$0.07r$ = the margin of error (ME) to be tolerated at the 95 percent level of confidence, defined as 7 percent of r (relative margin of error of r)

pb = the proportion of the total population upon which the indicator, r , is based

$AveSize$ = খানার গড় আকার (প্রতিটি খানায় খানা সদস্যের সংখ্যা)

RR = উত্তর প্রদানের পূর্বাভাসকৃত হার

নমুনার আকার নির্ধারণে r (প্রতিবন্ধী ব্যক্তিদের শতকরা হার) ছিল ১.৪ শতাংশ। নকশার প্রভাব বা ডিজাইন ইফেক্ট-এর মান ধরা হয় ২.৫। এ ছাড়া pb -কে ১০০ শতাংশ হিসেবে নেওয়া হয়। অন্যদিকে $AveSize$ (খানার গড় আকার) হিসেবে প্রতি খানায় ৪.২ জন সদস্য রয়েছে বলে হিসেব করা হয় এবং উত্তর প্রদানের হার ৯৫ শতাংশ হবে বলে অনুমান করে নেওয়া হয়। এ জরিপের জন্য বিভাগীয় পর্যায়ে রিলেটিভ মার্জিন অব এরর (ME) বা ভুলের সীমা ৭ শতাংশ হিসেবে অনুমান করা হয়। প্রত্যাশিত আত্মবিশ্বাসের ব্যবধান (কনফিডেন্স ইন্টারভাল) এবং RME-এর ভিত্তিতে অনুমান করা হয় যে, প্রতিটি ডোমেনে অন্তত ৩,১৫০টি খানা নমুনা হিসেবে নেওয়া হলে তা অধিকাংশ সূচকের জন্য পর্যাপ্ত নির্ভুলতার সাথে প্রাক্কলন (Estimates) করতে সক্ষম হবে। এর ফলে ২ থেকে ৩ শতাংশ RME-এর ভিত্তিতে জাতীয় পর্যায়ে মোট ৩৬,০০০ নমুনা খানা পাওয়া যায়।

২.৩ নমুনা নকশা

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি) ২০২১ বাস্তবায়নের জন্য আদমশুমারি ও গৃহগণনা ২০১১ থেকে প্রস্তুতকৃত নমুনা কাঠামো (গণনা এলাকা বা ইনিউমিরেশন এরিয়া)-এর ভিত্তিতে মোট ৮০০টি প্রাথমিক নমুনা ইউনিট (পিএসইউ) বাছাই করা হয়।

জরিপে আদমশুমারি ও গৃহগণনা ২০১১-এর নমুনা কাঠামোর আওতায় প্রতিনিধিত্বমূলক নমুনার জন্য দুই ধাপ বিশিষ্ট স্তরীভূত দৈবচয়িত নমুনায়ন কৌশল গ্রহণ করা হয়। প্রথম ধাপে জনসংখ্যার আকারের সমানুপাতিক সম্ভাবনার পদ্ধতি (পিপিএস) অনুসরণ করে আট বিভাগ থেকে ৮০০টি প্রাথমিক নমুনা ইউনিট বাছাই করা হয়। দ্বিতীয় ধাপে প্রতিটি পিএসইউ থেকে ধারাবাহিক নমুনায়নের মাধ্যমে ৪৫টি খানা বাছাই করা হয়। এভাবে জরিপের জন্য মোট ৩৬,০০০ খানা (৪৫ খানা \times ৮০০ পিএসইউ = ৩৬,০০০ খানা) বাছাই করা হয়।

$AveSize$ =the average household size (number of persons per household)

RR = the predicted response rate

For the calculation, r (proportion of persons with disabilities) was 1.4 percent. The value of $deff$ (design effect) was taken as 2.5. Further, pb was taken as 100 percent, $AveSize$ (average household size) was taken as 4.2 persons per household, and the response rate was assumed to be 95 percent.

For this survey, the relative margin of error was considered as 7 percent at divisional level. The conclusion from studying the expected confidence intervals and RME is that at least 3,150 households per domain would be adequate to produce estimates with sufficient precision for most of the indicators. This would give a total sample size of 36,000 households at national level with RME 23 percent.

2.3 Sample Design

To conduct the National Survey on Persons with Disabilities, a total of 800 Primary Sampling Units (PSUs) or clusters were developed on the basis of the sampling frame constructed from the Population and Housing Census 2011.

A two-stage stratified random sampling technique was applied in this survey to draw a representative sample under the sampling frame of the Population and Housing Census 2011. In the first stage, 800 PSUs were selected from 8 divisions by following the method of probability proportional to size of the population. In the second stage, 45 households were selected through systematic sampling from each of the PSUs. Thus, the required sample size of 45 households \times 800 PSUs = 36,000 households were selected for the survey.

দ্বিতীয় ধাপের নির্বাচনের জন্য প্রতিটি বাছাইকৃত পিএসইউ-তে খানার একটি তালিকা ও ম্যাপ তৈরি করা হয়। এভাবে প্রস্তুতকৃত তালিকাটি দ্বিতীয় ধাপে চূড়ান্ত খানা নির্বাচনের জন্য নমুনা কাঠামো হিসেবে কাজ করে। দ্বিতীয় ধাপে প্রতিটি বাছাইকৃত নমুনা পিএসইউ থেকে ধারাবাহিক নমুনায়নের মাধ্যমে ৪৫টি নমুনা খানা নির্বাচন করা হয়। এতে মোট ৩৬,০০০ নমুনা খানা পাওয়া যায়। নমুনাটি বাংলাদেশের আট বিভাগের পাশাপাশি শহর ও পল্লি এলাকার জন্য আলাদা আলাদাভাবে প্রধান প্রধান সূচকের প্রাক্কলনের (Estimates) জন্য তৈরি করা হয়। এ নমুনাটি নিজে ওয়েটযুক্ত নয়। তাই সাক্ষাৎকারের হার সম্পর্কিত সারণি ছাড়া সকল সারণি ওয়েটকৃত তথ্য বা ডাটার ভিত্তিতে প্রস্তুত করা হয়।

প্রতিটি বিভাগে খানার অনুপাতের ভিত্তিতে ৮০০টি পিএসইউ বন্টন করা হয়। তবে এ ক্ষেত্রে প্রতিটি বিভাগ থেকে দৈবচয়িতভাবে কমপক্ষে ৭০টি পিএসইউ নির্বাচন করা হয়, যার ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে প্রতিনিধিত্বশীল প্রাক্কলন (Estimates) প্রস্তুত করা হয়। প্রতিটি বিভাগে অন্তত ৭০টি পিএসইউ নিশ্চিত করতে যে সব বিভাগে ১০০টির বেশি পিএসইউ রয়েছে সেখান থেকে পিএসইউ এর সংখ্যা কমিয়ে যে সব বিভাগে ৭০টির কম পিএসইউ রয়েছে সেখান পিএসইউএর সংখ্যা বাড়িয়ে সংখ্যায় সমন্বয় করা হয়েছে। নিচের সারণিতে বিভাগ ওয়ারী জনসংখ্যার আকার, খানার অনুপাত এবং পাশাপাশি খানার অনুপাতের ভিত্তিতে ৮০০ পিএসইউ-এর (ক্লাস্টারের) বন্টন এবং যেখানে পিএসইউ-এর সংখ্যা ৭০ এর কম সেখানে পিএসইউ-এর সংখ্যা বাড়ানোর বিষয়টি তুলে ধরা হয়েছে।

A household listing and mapping operation was carried out in all the selected PSUs and the list of households, thus prepared, served as sampling frame for the selection of households in the second stage of selection. In the second stage, a fixed number of 45 households were systematically selected from each of the sampled PSUs (EAs) through systematic sampling technique. This yielded a total sample of 36,000 households. This sample was constructed to allow for separate estimates for separate key indicators for each of the 8 divisions in Bangladesh as well as for urban and rural areas separately. This sample is not self-weighted. Therefore, all tables except the table concerning response rates are produced based on weighted data.

The allocation of 800 PSUs was determined based on the proportion of the households in each division. Yet, at least 70 PSUs were selected randomly from each division, based on which divisional level estimates were produced. Number of PSUs was adjusted for the divisions with less than 70 PSUs by reducing number of PSUs in divisions with more than 100 PSUs to ensure at least 70 PSUs in each division. The Table below presents the division wise household number, proportion of households, allocation of 800 PSUs (clusters) based on the proportion of households and over sampling for PSUs less than 70.

Table 2.3: Proportion of households and allocation of 800 PSUs

Division	Number of total households	Number of sampled households	Proportion of households	Allocation of 800 PSUs based on proportion of households	Over sampling in case of number of PSUs is less than 70
Barishal	1862841	3,150	6	46	70
Chattogram	5622565	5,850	17	140	130
Dhaka	8289953	7,290	26	206	162
Khulna	3737270	4,185	12	93	93
Mymensingh	2539392	3,150	8	63	70
Rajshahi	4485252	4,950	14	112	110
Rangpur	3816377	4,275	12	95	95
Sylhet	1790409	3,150	6	45	70
Total	32144059	36,000	101	800	800

২.৪ প্রশ্নপত্র

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি)-এ একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করা হয়েছে যেখানে চৌদ্দটি (১৪) মডিউল বা পরিচ্ছেদ রয়েছে। মডিউলগুলো প্রধানত দুটি অংশে বিভক্ত, যেমন: খানা সংক্রান্ত প্রশ্নপত্র এবং ব্যক্তি সম্পর্কিত প্রশ্নপত্র। খানার আর্থ-সামাজিক পটভূমি জানতে এবং পরবর্তী প্রশ্নগুলোর প্রয়োজনে (যথা: ব্যক্তি সম্পর্কিত প্রশ্নপত্রে পানি ও পয়ঃব্যবস্থা, সাধারণ স্বাস্থ্যসেবা এবং ফাংশনাল ডিফিকাল্টি সম্পর্কিত প্রশ্নগুলোর প্রয়োজনে) খানায় কোনো প্রতিবন্ধী ব্যক্তি আছেন কি না এবং থাকলে কী ধরনের প্রতিবন্ধী- এ সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে খানা-প্রশ্নপত্রটি ব্যবহার করা হয়েছে। অন্যদিকে, খানা-প্রশ্নপত্রটি ব্যবহার করে শনাক্ত করা প্রতিবন্ধী ব্যক্তির তথ্য আনতে ব্যক্তি-প্রশ্নপত্র ব্যবহার করা হয়েছে। খানা-প্রশ্নপত্র প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামাজিক পটভূমির তথ্য সংগ্রহ করার পাশাপাশি প্রতিবন্ধিতার মাত্রা, প্রাথমিক শিশু বিকাশ, শিক্ষা, কর্মসংস্থান, বিভিন্ন বিষয়ে প্রবেশাধিকার বা পাওয়ার সুযোগ, সহায়ক যন্ত্রের ব্যবহার, প্রতিবন্ধিতার প্রতি মনোভাব, স্বাস্থ্য ও সাধারণ কল্যাণ, সামাজিক সুরক্ষা এবং নিগ্রহের শিকার হওয়া ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করতে ব্যবহার করা হয়েছে।

২.৫ প্রি-টেস্ট

মূল জরিপ কার্যক্রমের একটি মহড়া হিসেবে নির্বাচিত কিছু এলাকায় জরিপের প্রি-টেস্ট করা হয়। প্রি-টেস্টের পূর্বে প্রি-টেস্ট দলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়। দলে পাঁচজন সুপারভাইজিং কর্মকর্তা ও দশজন তথ্য সংগ্রহকারী ছিলেন। মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলা এবং ঢাকা জেলার সাভার পৌরসভায় প্রি-টেস্ট পরিচালিত হয়। প্রি-টেস্টের মাধ্যমে প্রশ্নপত্র ও সাক্ষাৎকার কৌশল বিষয়ে করণীয় সম্পর্কে ধারণা পাওয়া যায়। পাশাপাশি এর দ্বারা আইটি সরঞ্জাম (ট্যাবলেট ইত্যাদি), ডাটা স্থানান্তর ও ডাটা ব্যবস্থাপনা প্রক্রিয়া ও পদ্ধতি পরীক্ষা করা হয়। প্রি-টেস্টের ফলাফল পর্যালোচনা করে সে অনুযায়ী প্রশ্নপত্র, আইটি পদ্ধতি, প্রশিক্ষণ ম্যানুয়াল এবং জরিপ প্রটোকল পরিমার্জন করা হয়।

২.৬ তথ্য সংগ্রহ পদ্ধতি

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ (এনএসপিডি)-এ কম্পিউটার-অ্যাসিস্টেড পার্সোনাল ইন্টারভিউ (CAPI) পদ্ধতি ব্যবহার করা হয়েছে। তথ্য সংগ্রহের অ্যাপ্লিকেশনটি একটি তথ্য

2.4 Questionnaire

National Survey on Persons with disabilities (NSPD) used a long questionnaire which comprises fourteen (14) modules dividing into two parts e.g., household questionnaire and individual questionnaire. Household questionnaire was used to collect background information at the household level and also to screen persons with disabilities by type in the household for subsequent questions, water and sanitation, general healthcare and functioning in the individual questionnaire. Individual questionnaire was administered to the persons with disabilities who had been identified using the household questionnaire. Household questionnaire was used to collect background information of persons with disabilities, intensity of disability, early childhood development, education, employment, access, use of assistive devices, attitudes towards disability, health and general wellbeing, social protection and victimization.

2.5 Pretest

As a rehearsal of activities of the main survey fieldwork, a pretest activity of the survey was carried out in the selected areas. Before the pretest field work, a training was conducted for the pretest team. The pretest team comprised five supervising officers and ten data collectors. The pretest field work was conducted in Singair upazila of Manikganj district and Savar Poursava of Dhaka district. Pretest provided feedback on questionnaire; interview techniques; tested the IT equipment, data transfer and management processes and procedures. Findings of the pretest were reviewed and incorporated into the questionnaire, IT procedures, training manuals and survey protocol.

2.6 Methods of Data Collection

National Survey on Persons with Disabilities (NSPD) took advantages of Computer-Assisted Personal Interviewing (CAPI) system.

ব্যবস্থাপনা প্ল্যাটফর্মসহ সিএসপ্রো (সেনসাস এন্ড সার্ভে প্রসেসিং সিস্টেম) সফটওয়্যার, সংস্করণ ৭.৩, ব্যবহার করে তৈরি করা হয়। CAPI অ্যাপ্লিকেশনটি ১-৫ অক্টোবর, ২০২১ তারিখে ঢাকার কেরানীগঞ্জ উপজেলার একটি পল্লি পিএসইউ এবং ঢাকার সাভার উপজেলার একটি শহর এলাকার পিএসইউ-তে পরীক্ষামূলক ভাবে ব্যবহার করা হয়। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রশ্নপত্র এবং CAPI অ্যাপ্লিকেশন পরিমার্জন করা হয়।

The data collection application was based on the CSPro (Census and Survey Processing System) software, version 7.3, including a dedicated data management platform. The CAPI application was tested in one rural PSU from Keraniganj upazila and one urban PSU from Savar upazila of Dhaka district during October 1-5, 2021. Based on the results of the CAPI test, modifications were made to the questionnaire and its application.

২.৭ প্রশিক্ষণ

জরিপে মোট ১৪১ জন তথ্য সংগ্রহকারী এবং ৬৪ জন সুপারভাইজিং কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়। মূল জরিপের জন্য ২৪-৩১ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ৮ দিনব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে প্রশ্নপত্রের বিষয়বস্তু ও সাক্ষাৎকারের কৌশল বোঝানো এবং প্রশিক্ষণ গ্রহণকারীদের সাক্ষাৎকার গ্রহণের বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য নিজেদের মাঝে মক সাক্ষাৎকার গ্রহণ প্রভৃতি অনুশীলন করা হয়। অংশগ্রহণকারীরা প্রথমত ছাপানো প্রশ্নপত্র সম্পর্কে পরিপূর্ণ প্রশিক্ষণ গ্রহণ করেন। অতঃপর তারা প্রশ্নপত্রটি CAPI এপ্লিকেশনে অনুশীলন করেন। প্রশিক্ষণ গ্রহণকারীরা ঢাকা জেলার শহর ও পল্লি এলাকায় মাঠ পর্যায়ে ছাপানো প্রশ্নপত্র ব্যবহার করে একদিন ও CAPI এপ্লিকেশন ব্যবহার করে একদিন অনুশীলন করেন। এ ছাড়া বাংলাদেশে প্রতিবন্ধিতার ধারণা, অবস্থা এবং নীতিমালা সংক্রান্ত বিশেষ আলোচনা আয়োজন করা হয়।

2.7 Training

A total of 141 data collectors and 64 supervising officers were trained. The main survey training was conducted for 8 days during October 24-31, 2021. Training included lectures on understanding the contents of the questionnaires, interviewing techniques and the mock interviews between trainees to gain practice in asking questions. Participants first completed full training on paper questionnaires, followed by training on the CAPI application. The trainees spent one day with paper questionnaires, one day with CAPI in both urban and rural locations of Dhaka district. Special lectures were arranged on understanding of the concepts, principles of disability, and its situation in Bangladesh.

২.৮ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ

জরিপের জন্য সর্বমোট ৭১টি দলের সাহায্যে ১ নভেম্বর থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মাঠপর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়। প্রতিটি দল দু'জন তথ্য সংগ্রহকারী (সাক্ষাৎকার গ্রহণকারী) ও একজন স্থানীয় সুপারভাইজারের সমন্বয়ে গঠিত ছিল। তথ্য সংগ্রহকারী দলগুলোকে আটটি বিভাগে একযোগে মাঠ পর্যায়ে নিয়োগ করা হয়। উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেম চালিত ট্যাবলেট ব্যবহারের মাধ্যমে মাঠ পর্যায়ে কাজ করার জন্য একটি ব্লুটুথ অ্যাপ্লিকেশন ব্যবহার করে সুপারভাইজার ও সাক্ষাৎকার গ্রহণকারীর ট্যাবলেটের পরস্পরের মধ্যে অ্যাসাইনমেন্ট ও প্রশ্নপত্র স্থানান্তরযোগ্য করে তথ্য সংগ্রহ করা হয়। মাঠ পর্যায়ের তথ্য সংগ্রাহক দলগুলোকে প্রতিদিন হোয়াটসঅ্যাপ বার্তা ও ফোন কলের মাধ্যমে (করণীয়

2.8 Field Work

Field work for the survey took place from November 1 to December 31, 2021. The data were collected by 71 teams; each was comprised of two data collectors and one local supervising officer. All teams were deployed in the field simultaneously in all eight divisions of the country. Data were collected using tablet computers running the Windows 10 operating system, utilizing a Bluetooth application for field operations, enabling transfer of assignments and completed questionnaires between supervisor and interviewer tablets. The field teams were

সম্পর্কে) প্রয়োজনীয় পরামর্শ বা দিকনির্দেশনা প্রদান করা হয়।

provided feedbacks daily using WhatsApp messages and phone calls.

২.৯ মাঠ পর্যায়ে গুণগত মান নিয়ন্ত্রণ এবং মান নিশ্চিত গৃহীত পদক্ষেপ

জরিপের আইসিটি টিম CAPI পদ্ধতিতে যথাযথ ডিভাইস উপযোগী প্রশ্নপত্র প্রণয়নের কাজ নিশ্চিত করে। পূর্ব নির্ধারিত যথাযথ কোডযুক্ত উত্তর ও ঐচ্ছিক উত্তর, কোনো ডুপ্লিকেশন ছাড়াই প্রোগ্রাম করা স্কিপের ধরন, কল ব্যাক রেজিস্ট্রি এবং তথ্য সংগ্রহের সময় ও ব্যাপ্তি ব্যবহার করে CAPI প্রোগ্রামের মান নিশ্চিত করা হয়। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের পুরোটা সময় জুড়ে ফিল্ড টিমের সাথে সংগৃহীত তথ্য বিশ্লেষণ এবং সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণের জন্য প্রতি সপ্তাহে ফিল্ড চেক টেবিল (এফসিটি) তৈরি করা হয়।

মাঠ পর্যায়ে সুপারভাইজিং কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট কাজে যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়। মাঠ পর্যায়ে সক্রিয় তত্ত্বাবধানের মাধ্যমে তারা তথ্যের গুণগত মান নিশ্চিত করতে কাজ করেন। এ প্রেক্ষিতে তারা প্রয়োজনীয় লজিস্টিক্স সরবরাহ নিশ্চিতকরণ, স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ, তথ্য সংগ্রহকারীদের তত্ত্বাবধান এবং তাদের সাক্ষাৎকার গ্রহণের নিবিড় পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় অন্যান্য কাজ সম্পন্ন করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস-এর প্রধান কার্যালয়, মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তাগণ এবং জরিপ ব্যবস্থাপনা দলের সদস্যগণ মাঠ পর্যায়ে একাধিকবার কার্যক্রম পরিদর্শনে যান এবং তথ্য সংগ্রহ তদারকি করেন। তারা জরিপের প্রটোকল মেনে কাজ নিশ্চিত করতে সাক্ষাৎকার গ্রহণ, তথ্য সংগ্রহ ও তথ্য প্রেরণের প্রক্রিয়া পর্যবেক্ষণ করেন।

2.9 Field Quality Control and Quality Assurance Measures

The IT Team ensured appropriately CAPI programmed questionnaire in the handheld devices. The quality of the CAPI programming was ensured using appropriate pre-coded answers and optional answers, programmed skip pattern without any duplication, call back registry and time and duration of data collection. Throughout the fieldwork, Field Check Tables (FCTs) were produced weekly for analysis and action with field teams.

Field supervising officers were adequately trained on the fieldwork and ensured the quality data through their active vigilance in the field. The supervising officers ensured the required logistics, communication with the local authorities, and supervised enumerators and observed the interviews. Statistics and Informatics Division (SID), BBS Headquarter, field office personnel and survey management team made multiple field visits and oversaw the data collection. They observed the procedure of interview, data collection and data sending to ensure adherence to the survey protocol.

২.১০ তথ্য ব্যবস্থাপনা, সম্পাদনা ও বিশ্লেষণ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রধান কার্যালয়ে তথ্য সংগ্রহকারীদের ট্যাবলেটে ব্যবস্থাপনা অ্যাপ্লিকেশনের সাথে যুক্ত ড্রপবক্সের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রয়োজন অনুযায়ী প্রায় প্রতিদিনই সংগৃহীত তথ্য সিনক্রোনাইজেশন করা হয়েছে। বিবিএস-এর প্রধান কার্যালয় এ প্রক্রিয়ায় মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহকারী দলগুলোকে তথ্য সংগ্রহ এবং অ্যাপ্লিকেশন সম্পর্কে নিয়মিতভাবে হালনাগাদ করেছে।

তথ্যের প্রথম ও দ্বিতীয় ধাপের সম্পাদনার জন্য নির্দেশিত সম্পাদনা প্রক্রিয়া অনুসারে তথ্য সংগ্রহের সময় ও ফিল্ডওয়ার্ক

2.10 Data Management, Editing and Analysis

Data were received at the Bangladesh Bureau of Statistics (BBS) central office via a drop box system integrated into the management application in the data collectors' tablets. Whenever logistically possible, synchronization was made almost every day. The central office communicated application updates to field teams through this system.

During data collection and following the completion of fieldwork, data were edited

শেষ হওয়ার পরপর তা সম্পাদনা করা হয়েছে।

স্ট্যাটিস্টিক্যাল প্যাকেজ ফর সোশ্যাল সায়েন্সেস (এসপিএসএস) সফটওয়্যার, সংস্করণ ২৩ এবং স্টাটা সফটওয়্যার, সংস্করণ ১৭ ব্যবহার করে তথ্য বিশ্লেষণ করা হয়েছে। তথ্য বিশ্লেষণের জন্য সিনট্যাক্স এবং সারণি পরিকল্পনা বিবিএস কর্তৃক জরিপের পূর্বেই তৈরি করা হয়েছে।

২.১১ জরিপের সীমাবদ্ধতা

আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর গণনা এলাকার উপর ভিত্তি করে ২০২১ সালে এ জরিপটি পরিচালিত হয়েছে। তবে, তথ্য সংগ্রহের পূর্বে নির্বাচিত পিএসইউ-সমূহের খানা তালিকা লিস্টিং এবং ম্যাপিং কার্যক্রম সম্পাদনের মাধ্যমে এ জরিপের জন্য হালনাগাদ করা হয়েছে।

প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী সম্ভাব্য প্রতিবন্ধী ব্যক্তিদের মেডিক্যালি পরীক্ষার মাধ্যমে চিহ্নিত করতে হবে। এ জরিপে অন্তর্ভুক্ত ব্যক্তিদের মেডিকেল পরীক্ষা করার মতো সুযোগ ছিল না। এর পরিবর্তে জরিপটি উত্তরদাতাদের ২০১৩ সালের আইনে নির্দেশিত প্রতিবন্ধিতার প্রতিটি ধরনের জন্য আলাদা আলাদা এক গুচ্ছ প্রশ্ন জিজ্ঞাসা করে সেইসাথে ওয়াশিংটন গ্রুপ (WB) মডিউলে প্রশ্নের যে কাঠামো ব্যবহার করা হয়েছে তা অনুসরণ করে প্রতিটি সম্ভাব্য প্রতিবন্ধী ব্যক্তিকে যাচাই করা হয়েছে। তবে, মানসিক রোগে আক্রান্ত বলে অনুমিত ব্যক্তিদের শনাক্ত করতে জরিপ দলের সদস্যরা রোগ নির্ণয় সংক্রান্ত মেডিকেল রেকর্ড দেখতে চেয়েছেন এবং সেগুলো যাচাই করেছেন।

প্রতিবন্ধী ব্যক্তি সম্পর্কিত আন্তর্জাতিক উপাত্তের সাথে তুলনা নিশ্চিত করতে এ জরিপের জন্য ওয়াশিংটন গ্রুপ অন ডিজএবিলিটি স্ট্যাটিস্টিকস মডিউল অনুসরণ করা প্রয়োজন ছিল, যদিও ওয়াশিংটন গ্রুপ প্রধানত ফাংশনাল ডিফিকাল্টির উপর আলোকপাত করে, প্রতিবন্ধিতার উপর নয়।

according to editing process described in detail in the guidelines for primary and secondary editing.

Data were analyzed using the Statistical Package for Social Sciences (SPSS) software, (version 23) and STATA Software (version 17). BBS developed data analysis syntax and tabulation plan.

2.11 Limitations of The Survey

The survey was conducted in 2021 by using sampling frame developed based on the Enumeration Area of Housing and Population Census 2011. However, before data collection, household of the selected PSUs were updated for this survey by accomplishing listing and mapping operation.

According to the Persons with Disability Rights and Protection Act, 2013, potential persons with disabilities need to be identified by medical tests. However, this survey did not have such a scope to medically test individuals covered in this survey. Instead, the survey scrutinized every potential individual with disability by asking respondents a set of question for every potential type of disability, as indicated in the Act of 2013, as well as by following formats of question of the Washington Group's Module. However, in case of identifying individuals with mental illness the survey team members asked for and checked the medical records of diagnosis.

To ensure a comparability with international data related to persons with disabilities this survey needed to follow Washington Group on Disability Statistics Module, although the Washington Group focuses mainly on the functional difficulty, not the disability.

তৃতীয় অধ্যায়

নমুনা কভারেজ এবং জরিপের জনসংখ্যার
বৈশিষ্ট্য

Chapter Three

**Sample Coverage and
Characteristics of Respondents**

Sample Coverage and Characteristics of Respondents

এ অধ্যায়ে নমুনার কভারেজ (নমুনায় অন্তর্ভুক্তি) এবং উত্তরপ্রাপ্তির হার, জরিপকৃত জনসংখ্যার খানার বৈশিষ্ট্য, জনসংখ্যার বয়স কাঠামো, বিদ্যুৎ ও ইন্টারনেট সুবিধাপ্রাপ্ত খানা, খানার গৃহনির্মাণ উপকরণ, খাবার পানির উৎস এবং টয়লেট ও পয়ঃব্যবস্থা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

This chapter deals with the sample coverage and response rates, household and housing characteristics of the survey population, age structure of household population, household by electricity facility, internet facility, construction materials of houses, sources of drinking water and sanitation facilities etc.

৩.১ খানায় সাক্ষাৎকার গ্রহণ ও প্রদান

3.1 Household Interview and Responses

সারণি ৩.১.১-এ সাক্ষাৎকার পূর্ণ করার হার ও সাক্ষাৎকার প্রদানের হারসহ নমুনা বাস্তবায়নের ফলাফল (খানা পর্যায়ে সাক্ষাৎকারের ফলাফল) উপস্থাপন করা হয়েছে।

Table 3.1.1 shows the sample implementation outcomes (results of household interviews) including completion and response rates.

মোট ৩৬,০০০ নমুনা খানার মধ্যে ৩৫,৪৯৩টি খানায় সদস্যদের বসবাস রয়েছে এবং ৩৫,৪৬২টি খানায় সফলভাবে সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে যেখানে সাক্ষাৎকার সম্পন্ন করার হার ৯৮.৫০ শতাংশ এবং সাক্ষাৎকার প্রদানের হার ৯৯.৯০ শতাংশ। পল্লি ও শহর এবং বিভিন্ন বিভাগে সাক্ষাৎকার সম্পন্ন করার হার ও সাক্ষাৎকার প্রদানের হার খুবই কাছাকাছি (শহর ও গ্রামীণ এলাকায় যথাক্রমে নমুনা খানার সংখ্যা ২৮,২৬১ ও ৭,৭৩৯, সাক্ষাৎকার গৃহীত হয়েছে এমন খানার সংখ্যা ২৭,৮৬৯ ও ৭,৫৯৩, সাক্ষাৎকার সফলভাবে সম্পন্ন করার হার ৯৮.৬০ ও ৯৮.১০ শতাংশ এবং সাক্ষাৎকার প্রদানের হার ৯৯.৯০ ও ৯৯.৮০ শতাংশ) (সারণি ৩.১.১)।

Out of 36,000 households in the sample, 35,493 households were occupied and 35,462 were successfully interviewed where the household completion rate was 98.50 percent and the response rate 99.90 percent. The completion and response rates were very similar by area of residence and division (sampled 28,261 and 7,739, interviewed 27,869 and 7,593, completion rate 98.60 and 98.10 percent and response rate 99.90 and 99.80 percent in rural and urban areas respectively) (Table 3.1.1).

নমুনায় ৫ বছরের কম বয়সী শিশুর সংখ্যা ১৪,৬৫৯, ৫-১৭ বছর বয়সী শিশুর সংখ্যা ৩৯,৫১৩ এবং ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সী প্রাপ্তবয়স্কের সংখ্যা ১০০,৮৫৩ জন। ১০০ শতাংশ সাক্ষাৎকার প্রদানের হারসহ তাদের সকলের সাক্ষাৎকার নেয়া হয়েছে (সারণি ৩.১.১)।

Children age under-5 years were 14,659, children age 5-17 years were 39,513 and adults age 18 years or more were 100,853 in the sample, and all of them were interviewed with a 100 percent response rate for each (Table 3.1.1).

Table 3.1.1: Number of sampled and interviewed households and household completion and response rates by area and division

Background characteristics	Total	Area		Division							
		Rural	Urban	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
Households											
Sampled household	36000	28261	7739	3150	5850	7290	4185	3150	4950	4275	3150
Occupied household	35493	27887	7606	3122	5749	7150	4130	3124	4899	4221	3098
Interviewed household	35462	27869	7593	3122	5749	7142	4128	3112	4893	4220	3096
Household completion rate	98.50	98.60	98.10	99.10	98.30	98.00	98.60	98.80	98.80	98.70	98.30
Household response rate	99.90	99.90	99.80	100.00	100.00	99.90	100.00	99.60	99.90	100.00	99.90
Children aged 0-4 years											
Eligible children aged 0-4 years	14659	11802	2857	1314	2861	2744	1306	1445	1638	1682	1669
Interviewed children aged 0-4 years	14659	11802	2857	1314	2861	2744	1306	1445	1638	1682	1669
Children aged 0-4 years response rate	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Children aged 5-17 years											
Eligible children aged 5-17 years	39513	31780	7733	3488	7508	7204	3622	3752	4591	4395	4953
Interviewed children aged 5-17 years	39513	31780	7733	3488	7508	7204	3622	3752	4591	4395	4953
Children aged 5-17 years response rate	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Adults aged 18 years and above											
Eligible adults aged 18 years or above	100853	79479	21374	9352	16552	19428	11589	8845	13505	11807	9775
Interviewed adults aged 18 years or above	100853	79479	21374	9352	16552	19428	11589	8845	13505	11807	9775
Adults aged 18 years and above response rate	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0

৩.২ খানার নির্বাচিত কিছু বৈশিষ্ট্য

সারণি ৩.২.১-এ এলাকা অনুসারে খানার কিছু নির্বাচিত বৈশিষ্ট্যের তথ্য তুলে ধরা হয়েছে, যেমন: বাসস্থানে বিদ্যুৎ আছে কিনা, ইন্টারনেট সংযোগ আছে কিনা, প্রধান বসত ঘরের মেঝে, ছাদ ও দেয়ালে ব্যবহৃত প্রধান উপকরণ কী এবং শোবার ঘরের সংখ্যা কত।

সারণি ৩.২.১-এ দেখা যাচ্ছে, ৪৫.৯৩ শতাংশ খানায় প্রধান বসত ঘরে টিনের দেয়াল রয়েছে, ৪২.৯৪ শতাংশের পাকা দেয়াল এবং ১১.১৩ শতাংশের কাচা দেয়াল রয়েছে। বসত ঘরে টিনের ছাদ সবচেয়ে বেশি দেখা যায় (৮১.৬৮ শতাংশ), অন্যদিকে পাকা ছাদ (১৭.৭৪ শতাংশ) দ্বিতীয় অবস্থানে রয়েছে। খড়, পাতা বা বাঁশের ছাদ প্রায় শূন্য শতাংশ (০.৫৯ শতাংশ)। মাটির তৈরি মেঝে হচ্ছে ৫৫.২৭ শতাংশ, পাকা মেঝে ৪১.৬৩ শতাংশ এবং টাইলসের মেঝে ৩.১০ শতাংশ।

বেশিরভাগ খানার নিজস্ব বসতভিটা রয়েছে (৮৪.৩৭ শতাংশ), যদিও কারো কারো ভাড়াবাড়ি (১৩.৪৯ শতাংশ) বা ভাড়াবিহীন বাড়ি রয়েছে (২.০৪ শতাংশ)। শহরাঞ্চলের (৫২.৮৬ শতাংশ) তুলনায় গ্রামীণ এলাকায় (৯৩.৫৯ শতাংশ) নিজের বসতভিটা রয়েছে এমন খানার হার অধিক। অন্যদিকে গ্রামীণ এলাকার (৪.২৪ শতাংশ) তুলনায় শহরাঞ্চলে (৪৫.১৪ শতাংশ) ভাড়াবাড়ির সংখ্যা অধিক। উভয় এলাকায় ভাড়াবিহীন বাড়ি অল্প পাওয়া যায় (১.৯৭-২.০৭ শতাংশ) (সারণি ৩.২.১)।

খাকার জন্য বেশিরভাগ খানা দুই থেকে তিনটি কক্ষ বা তার বেশি সংখ্যক কক্ষ ব্যবহার করে (মোট ৭৪.৪৫ শতাংশ; যেখানে ৪১.৫১ শতাংশ দুটি কক্ষ ব্যবহার করে এবং ৩২.৯৪ শতাংশ তিন বা তার বেশি কক্ষ ব্যবহার করে)। যদিও এ ক্ষেত্রে গ্রাম-শহরে উল্লেখযোগ্য পার্থক্য নেই, বিভাগীয় পর্যায়ে পার্থক্য থেকে দেখা যায়, অন্যান্য বিভাগের খানার তুলনায় (৬৩.৪২ থেকে ৮৭.০৩ শতাংশ) বরিশালে দুই-তিন কক্ষ বা তার বেশি কক্ষ ব্যবহার করা খানার হার বেশি (৯২.৫১ শতাংশ; যেখানে ৫৭.৫৭ শতাংশ তিনটি বা তার বেশি কক্ষ ব্যবহার করে এবং ৩৪.৯৪ শতাংশ দুটি কক্ষ ব্যবহার করে)। প্রতিটি খাকার কক্ষ গড়ে ২.২১ জন ব্যবহার করেন এবং এ সংখ্যাটি শহর ও গ্রামীণ এলাকা এবং বিভাগসমূহে প্রায় একই রকম (সারণি ৩.২.১)।

3.2 Selected Housing and Household Characteristics

Table 3.2.1 provides information on housing characteristics by area, including if the residence has access to electricity, whether there is an internet connection, the primary materials used for floors, roofs and walls of main living room, and the number of sleeping rooms.

Table 3.2.1 shows that for the main living room, 45.93 percent of the households have rudimentary walls, 42.94 percent have finished walls and 11.13 percent natural walls. Further, rudimentary roof is the most common roofing feature for the living room, as it is 81.68 percent, while finished roof is in the second position with 17.74 percent. Natural roofing is almost zero percent (0.59 percent). Natural flooring is 55.27 percent, while rudimentary floor is 41.63 percent and finished floor is 3.10 percent.

Mostly households have own dwelling house (84.37 percent), although some have rented houses (13.49 percent) or houses without rental (2.04 percent). Own house is higher in rural area (93.59 percent) than in urban area (52.86 percent) where the rented house is much higher in urban area (45.14 percent) than in rural area (4.24 percent). Houses without rental is quite low in both areas (1.97-2.07 percent) (Table 3.2.1).

The majority of the households use 2 to 3 rooms or more for sleeping (74.45 percent in total; where 41.51 percent use 2 rooms and 32.94 percent use 3 rooms or more). Although no remarkable area differences exist, divisional level variations show a higher percentage of households in Barishal using 2-3 or more rooms (92.51 percent; where 57.57 percent use 3 rooms or more and 34.94 percent use 2 rooms) than households in other divisions (63.42 to 87.03 percent). On an average 2.21 persons share a room used for sleeping and the number is very similar in urban and rural areas and across divisions (Table 3.2.1).

আন্তঃসংযুক্ত গ্রিড (৯৭.০১ শতাংশ), সৌর সিস্টেম (১.৭২ শতাংশ) অথবা জেনারেটরের (০.০৪ শতাংশ) সাহায্যে প্রায় সকল খানায় বিদ্যুতের সংযোগ রয়েছে (৯৮.৭৭ শতাংশ)। গ্রামীণ এলাকায় ৯৮.৫৩ শতাংশ খানায় এবং শহরাঞ্চলে ৯৯.৫৭ শতাংশ খানায় বিদ্যুত ব্যবহারের সুযোগ রয়েছে। বিভাগের ক্ষেত্রে দেখা যায়, সিলেট বিভাগে এটি সর্বনিম্ন ৯৭.৭১ শতাংশ, ঢাকা বিভাগে সর্বোচ্চ ৯৯.৭৪ শতাংশ (সারণি ৩.২.১)।

অর্ধেকের কিছু বেশি খানায় বসতবাড়িতে ইন্টারনেট ব্যবহারের ব্যবস্থা রয়েছে (৫৭.৪২ শতাংশ); গ্রামের (৫৩.৮৩ শতাংশ) তুলনায় শহরে এ হার বেশি (৬৯.৭১ শতাংশ)। এ হার চট্টগ্রাম বিভাগে (৭৫.৩১ শতাংশ) অন্যান্য বিভাগ যেমন: রংপুর (৩৯.৮৬ শতাংশ), রাজশাহী (৪৭.০৬ শতাংশ) বা ময়মনসিংহ (৪৮.৮২ শতাংশ) বিভাগের তুলনায় অনেক বেশি।

Access to electricity is almost universal in the sampled households (98.77 percent), either through inter-connected grid (97.01 percent) or solar system (1.72 percent) or generator (0.04 percent). Access to electricity is 98.53 percent in rural area and 99.57 percent in urban area. By division, it ranges from 97.71 percent in Sylhet division to 99.74 percent in Dhaka division (Table 3.2.1).

A little over a half of the households have internet access at home (57.42 percent); it is higher in urban area with 69.71 percent than in rural area with 53.83 percent. The internet facility at home is very high in Chattogram division (75.31 percent) as compared to other divisions such as Rangpur (39.86 percent), Rajshahi (47.06 percent) and Mymensingh (48.82 percent) (Table 3.2.1).

Table 3.2.1: Percentage distribution of households by selected housing characteristics, by area of residence and division

Indicators	Total	Area		Division							
		Rural	Urban	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
Total	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00
Electricity											
Interconnected grid	97.01	96.30	99.43	95.47	93.45	99.03	97.49	98.29	97.51	96.93	96.65
Off-grid (solar)	1.72	2.18	0.14	2.55	5.06	0.71	0.98	0.36	1.16	1.24	1.03
Off-grid (generator)	0.04	0.05	0.00	0.06	0.05	0.00	0.10	0.13	0.02	0.00	0.03
No electricity	1.23	1.46	0.43	1.92	1.43	0.25	1.41	1.22	1.31	1.83	2.29
Don't know/missing	0.01	0.01	0.00	0.00	0.00	0.01	0.02	0.00	0.00	0.00	0.00
Internet access at home											
Yes	57.42	53.83	69.71	57.44	75.31	64.31	53.79	48.82	47.06	39.86	54.11
No	42.56	46.16	30.28	42.53	24.69	35.69	46.16	51.18	52.92	60.09	45.89
Don't know/missing	0.02	0.02	0.01	0.03	0.00	0.00	0.05	0.00	0.02	0.05	0.00
